5.5.5 সম্পদের সুবিধা :

জ্ঞানীব্যক্তিদের মাধ্যমে সম্পদের ব্যবহার শিক্ষকদের সাহায্যের দ্বারা

- শিক্ষার্থীদের সক্রিয়ভাবে যুক্ত করা
- বাস্তবসম্মত উদাহরণ ও ব্যাখ্যা
- শিক্ষাপাঠের প্রসার দীর্ঘকালের জন্য
- যোগের বৈচিত্র্য
- চিন্তা করা যে অন্যথায় করা যাবে না।
- চিন্তা যে অন্যথায় কিছু দেখতে পারা যাবে না।

বস্তু নিরপেক্ষ পদ্ধতি শিক্ষাদানে অধিক দক্ষতা শিক্ষাপাঠে বার্তার ব্যাখ্যার দাবী। বিভিন্ন মাধ্যম ও সামগ্রী শিক্ষার্থীদের জন্য রাখা হবে উপস্থিতি দীর্ঘকাল ব্যাপী ও অধিক ধারণ এবং শিক্ষাপাঠ পরিবর্তন সম্ভব। শিক্ষার্থীদের যুক্ত করা অন্য ধারণার মধ্যে শিক্ষণের অগ্রগতির সংবাদ প্রেরণ ব্রেনের মাধ্যমে চ্যানেলের দ্বারা সম্ভব, প্রভাবের বহুমুখী সংবেদজের নির্দেশ। বহুমুখী বোধশক্তি সম্বন্ধীয় শিক্ষাপাঠের অর্থের ব্যবহারের মধ্যে পাঁচটি ইন্ড্রিয় একই সময় সম্মিলিতভাবে একই সঙ্গে অবস্থিত যেমন VAKT (ভিজিউয়াল-অডিটোরিকাইনসদিটিক-টেকটাইল) সক্রিয়তা। এই সম্পদ হল শক্তির ব্যবহার তুমি কি বলছ, সুনিশ্চিত করে যে বিবেচ্য বিষয় বোঝা।



নোট

5.5.6 সম্পদের নির্ণয়ের জন্য নির্বাচন :

প্রয়োজনীয়তা ও উপযোগিতা হল দুটি গুরুত্বপূর্ণ বিচারের জন্য নির্বাচনের সঙ্গে যুক্ত সামগ্রী। এটি সাহায্য উভয়ক্ষেত্রে শিক্ষাদানে ও শিক্ষার্থীদের শিক্ষাপাঠে, পাঠের মনোযোগে সাহায্যে পাঠের উদ্দেশ্য ও স্থায়ী শিক্ষাপাঠের জন্য উচ্চ সম্ভাবনা।

সামগ্রীর নির্বাচনের জন্য কারণ প্রাপ্যতা, উদ্দেশ্যের কাজ সম্ভব নয়। শিক্ষার্থীদের উপলব্ধি হবে এবং রাখার ঘটনা ও ধারণা যে সুশোভিত চিত্তাকর্ষকের সঙ্গে সমর্থনের সামগ্রী এবং পথের পরিকল্পনা যেটা শিক্ষণের বৃদ্ধির ক্ষেত্র।

কিছু অতিরিক্ত বিচারের তালিকা দেওয়া হল নীচে :

স্পষ্টতা : শিক্ষার্থীরা সহজে অন্তর্ভুক্ত করা বহন কি এবং পুনরায় ব্যাখ্যার দরকার নেই।

সরলতা : ভাষার ব্যবহার সরল এবং সহজে বোঝা, লম্বা অধ্যায় ও বাক্যালংকারপূর্ণ ভাষার পরিহার করা।

প্রাসঙ্গিকতা : সম্পদের অনুরূপ উদ্দেশ্যের জন্য যেটার নির্বাচন।

দৃষ্টিগোচরতা : পরিষ্কার এবং পাঠোপযোগী সবার, যেখানে ব্যক্তিগত অথবা দলগত।

ব্যবহারিকতা : সম্পদের সামর্থকতা এবং লক্ষ্যে পৌঁছানোর যে ব্যবহার।

সক্রিয়তা—10

টেবিলের তালিকাপূরণ

সম্পদ	ব্যবহার	সুবিধা
১		
২		
৩		
৪		
৫		
৬		

5.6 নথি এবং বর্ণনা করা :

এটা দরকার যে শিক্ষার্থীদের এবং পিতামাতাদের জানানো দরকার শিক্ষার্থীদের অগ্রগতি বিষয়ে।

পিতামাতা সচেতন হবেন তাদের ভাবনা চিন্তা কী শিশুদের কাছ থেকে এবং পরিসংখ্যার নিদর্শনের মাধ্যমে। কিছু পিতামাতা জানতে চান শিশুদের অবস্থান সমস্ত শিক্ষার্থীদের সম্পর্ক শ্রেণীর মধ্যে। শিশুর মনোভাবের সংবাদ শিক্ষাপাঠের বিষয়ে এবং কর্মদক্ষতার দৃষ্টিনিক্ষেপ পিতামাতার



নোট

কাছে। শিক্ষার্থীদের শিক্ষণের উদ্দেশ্য পুনরায় তারা জানবে তাদের অগ্রগতি। বিদ্যালয়ের শাসকবর্গ প্রগতির বিষয়ে উৎসাহী। একজন শিক্ষক হিসাবে নিরূপণ করা এবং প্রভাব শিক্ষার্থীদের শিক্ষাপাঠে। শিক্ষককে সাহায্য করবে পরিকল্পনার সম্পাদন কার্য এবং পাঠ্যক্রমে কার্য সম্পাদন।

5.6.1 শিক্ষার্থীদের শিক্ষাপাঠের মূল্যায়ন :

শিশুদের কার্য নির্ধারণ শিক্ষাপাঠের দরকারী ও ধারাবাহিকতার অংশ শিক্ষাদান এবং শিক্ষাপাঠ অগ্রগতি বিজ্ঞানের দ্বারা, শিক্ষাপাঠের ক্ষেত্রে। ধারাবাহিক ও ব্যাপক প্রভাব বিস্তারের দরকার সঠিক পরিকল্পনায় এবং সক্রিয়তাকে কার্যে পরিণত করা কর্মদক্ষতার জন্য শিক্ষাপাঠের ইচ্ছার বহিঃপ্রকাশ। একটি গুরুত্বপূর্ণ ক্ষেত্র বিদ্যালয় পরিকল্পনা বিজ্ঞানের জন্য বুঝতে সাহায্য করবে প্রত্যেক শিশুর প্রগতি বিজ্ঞানের মাধ্যমে। নির্ধারণের পদ্ধতি বিজ্ঞানের আলোকে জ্ঞানগত উদ্দেশ্য, বিজ্ঞানভিত্তিক ধারণা উপলব্ধি, ব্যবহারের যোগ্যতা পরীক্ষামূলক এবং দক্ষতার অনুসন্ধান ও শিক্ষাসম্বন্ধীয় বিজ্ঞানভিত্তিক মনোভাব। যদি পরিকল্পনা সঠিক পদ্ধতি প্রস্তুত করা ও নির্ধারণের রণনীতির উপর উদ্দেশ্যের সিদ্ধান্ত বিধিবদ্ধ করা এবং গঠনমূলক মূল্যায়নের দরকার প্রয়োজন অনুযায়ী। উদ্দেশ্যমূলক মূল্যায়নের দরকার যোগাযোগের সঙ্গে সম্পর্কিত কাগজ পেনসিল পরীক্ষা সহজ পদ্ধতি, উত্তরের সীমাবদ্ধতা/সংক্ষেপে উত্তরের ধরন এবং সংক্ষিপ্ত উত্তরের বিষয়।

5.6.2 মূল্যায়নের পরিকল্পনার পাঠ্যক্রম :

শিক্ষার্থীদের নির্ধারণ শিক্ষাপাঠ সহজভাবে শিক্ষকের পরিমাণ নির্ণয়ের উপাদান বিজ্ঞান অনুষ্ঠানের পরিকল্পনা। নির্ধারণ পদ্ধতি ব্যবহার করার উদ্দেশ্যে সমতার ছবি শিশুর অগ্রগতি বিজ্ঞানে :

- শিক্ষকের পর্যবেক্ষণ
- ধারণার মানচিত্র
- সাফল্যের উপর শিক্ষক-নকসার বিষয়
- উৎপাদন ও ধরনের অনুসরণ শিক্ষকের দ্বারা এবং উপস্থিতির পত্রকোষ

এটার নির্ধারণ দরকার দস্তাবেজ এবং সঠিক নথির দরকার রাখার জন্য। তোমার নথির সবার উপরে মহৎ তাৎপর্য। পিতামাতা পথের সম্পর্কে জানাবেন শিক্ষার্থীর অগ্রগতি হল উপদেশক এবং ফলাফল নির্ধারণ। ফলাফল সঠিক জানানো অংশীদারদের।

5.6.3 শিক্ষকের ভূমিকা :

- চিহ্নিত ও নথির ফলাফল সবারকম নির্ধারণের মাধ্যমে এবং মূল্যায়ন সঠিকভাবে শিক্ষার্থীর অগ্রগতি



নোট

উচ্চ প্রাথমিক বিভাগে বিজ্ঞান শিক্ষার পরিকল্পনা ও পরিচালনা

- নথির ফলাফল প্রথাভুক্ত নির্ধারণ দরকার
- নির্ধারিত ফলাফলের অংশ এবং অগ্রগতির গ্রেডের সঙ্গে শিক্ষার্থী
- উন্নয়ন এবং প্রয়োগ একটি সঠিক পদ্ধতিতে নথির জন্য, বিশ্লেষণ এবং নথিভুক্ত শিক্ষার্থীর নির্ধারিত ও অগ্রগতির পরিসংখ্যা।

এই পদ্ধতি এবং ধরন নথির ক্ষেত্রে নির্ধারিত ও মূল্যায়ন শিক্ষাপাঠের ক্ষেত্রে পরবর্তী এককে যেমন একক 6 : নির্ধারণ এবং মূল্যায়ন।

5.7 সংক্ষেপে উপস্থাপন :

আমাদের শিক্ষাপাঠ এই এককে কীভাবে পরিকল্পনা এবং পরিচালনা বিজ্ঞান শিক্ষায় উচ্চ প্রাথমিক স্তরে। আমরা জানি এখন গুরুত্বপূর্ণ পরিকল্পনা, উদ্দেশ্য, কীভাবে পরিচালনা পাঠ্যক্রম সারা বছর ধরে, কীভাবে নকসা এবং উন্নয়ন বছর পরিকল্পনা, একক পরিকল্পনা এবং পাঠ পরিকল্পনা। আমাদের শিক্ষাপাঠ যা বিজ্ঞান শিক্ষণের নকসায় বিভিন্ন ধরন। নির্বাচন পদ্ধতি সক্রিয়তার শিক্ষার্থীর শর্তের দরকার; বয়সের এবং স্তর দলের, শিক্ষা পাঠের, বহিঃপ্রকাশ, স্বাস্থ্য এবং নিরাপত্তার দরকার, সম্পদ এবং পাঠের উপযোগিতা।

আমাদের শিক্ষাপাঠ বিভিন্ন ধরনের সম্পদ ইলেকট্রনিক এবং নন-ইলেকট্রনিক গঠন এবং প্রস্তুত রাখার ব্যবহার অভিজ্ঞতার হাত ও সময় হতে, সহজভাবে শিক্ষণ। আমরা দেখি যে সম্পদের প্রাপ্যতা কি বিদ্যালয়ের মধ্যস্তরে এবং সমাজের মধ্যে, সুতরাং তারা কাজে লাগাতে পারে বিজ্ঞান শিক্ষাদানে। যদিও প্রাথমিক এককে শিক্ষাপাঠে বিজ্ঞানভিত্তিক অনুসন্ধান এবং হাতের অভিজ্ঞতায় আমরা ব্যবহার করতে পারি পরিকল্পনার জন্য বিজ্ঞান পাঠ।

আমরা জানতে পারি শিক্ষকের ভূমিকা নথির মধ্যে অগ্রগতি শিক্ষার্থীদের এবং শিক্ষার্থীদের নথিপত্র, পিতামাতা ও বিদ্যালয়ের পরিচালনবর্গ।

আমরা এখন হোলিস্টিক ছবির পরিকল্পনা, প্রাতিষ্ঠানিক এবং পরিচালন বিজ্ঞান পাঠ্যক্রম। বিস্তৃতভাবে যেমন বিভিন্ন রাজ্য, শ্রেণীবিন্যাস শিক্ষণের বহিঃপ্রকাশ/উদ্দেশ্য, নানাধরনের কৌশল ও সক্রিয়তা শিক্ষাদানের জন্য ও শিক্ষাপাঠ, নির্ধারিত ও মূল্যায়নে পদ্ধতি, এবং প্রক্রিয়ায় আমরা শিক্ষাপাঠে হবে পরবর্তী এককে।

5.8 উত্তরের নমুনায় তোমার অগ্রগতি :

চারির সক্রিয়তা—2

1-ঘ, 2-চ, 3-জ, 4-খ 5-ছ, 6-গ, 7-ঝ, 8-ঙ, 9-ক।



নোট

5.9 পাঠ ও সহায়কগ্রন্থের প্রস্তাব :

Dale E (1954) : Audio-Visual Methods in Teaching, Revised Edition, Thy Dryden Press, New York.

Doll, Ronald C (1996) : Curriculum Improvement : Decision Making and Process (9th ed.) Boston : Allyn and Bacon. Retrieved August 10, 2011 from [http://www.multiage-education.com/russportfolio/curriculum topics/curoverview.html](http://www.multiage-education.com/russportfolio/curriculum%20topics/curoverview.html).

Kipling Rudyard (1902) : Just so stories Retrieved August 12, 2011 from <http://boop.org/jan/justso/elephant.htm>

Washton N.S (1974) : Teaching Science Elementary and Middle School New York : David Mckay Co. Inc. (45-65)

<http://www.sciencemadesimple.com/science-lesson-plan.html>.

[http://k6educators:about.com/](http://k6educators.about.com/)

[http://www.pacificant.net/mandel/Educational Resources.html](http://www.pacificant.net/mandel/Educational%20Resources.html)

<http://www.lessonplans4teachers.com/science.php>

<http://www.teachnology.com/teachers/lesson-plan/science/>

<http://www.science-teachers.com/>

5.10 একক শেষে অনুশীলন :

১. সংক্ষেপ ধারণা যে তোমার বন্ধু চাকুরী পেয়েছে শিক্ষকতার প্রাথমিক বিদ্যালয়ে। তোমার উপদেশ কী হবে বিজ্ঞান বিষয় পাঠ পরিচালনায়? ৩০০ শব্দের মধ্যে উত্তর লেখ।

২. সক্রিয়তার অনুসরণ অনুবাদের ক্ষেত্রে বিজ্ঞানপাঠ পরিকল্পনা

সামগ্রী দরকার :

— ৩ কাপ জল (ঠাণ্ডা, নাতিশীতোষ্ণ, উষ্ণ)

— খাদ্যের রঙ।

— সক্রিয়তা : শিক্ষার্থীদের জিজ্ঞাসা করো যোগ করো তিন ড্রপ খাদ্যের রঙ প্রত্যেক কাপে একটা একটা করে কাপ লক্ষ্য কর এবং নথিভুক্ত।



নোট

উচ্চ প্রাথমিক বিভাগে বিজ্ঞান শিক্ষার পরিকল্পনা ও পরিচালনা

পরিশিষ্ট-1

বার্ষিক পরিকল্পনা

শিক্ষকের নাম

শ্রেণী

বিষয়

ক্রমিক সংখ্যা	একক	উপএকক	শিক্ষণ	পাঠ সংখ্যা			মাস
				পূর্ব পাঠ	পরীক্ষা	মোট	
1.	1	3	2	16	জুলাই	
		2	3				
		3	3				
		2	3				
2.	1					

পরিশিষ্ট-2

একক পরিকল্পনা

শিক্ষকের নাম

শ্রেণী

একক

ক্রমিক সংখ্যা	উপএকক	বিষয়	শিখনের লক্ষ্য	শিক্ষণ-শিখনের কার্যকারিতা	পরীক্ষা
1.	1.....	পদ, ধারণা, ইত্যাদি	মনে রেখো, বোঝা, দক্ষতা নিয়োগ	জিজ্ঞাসা, পরিদর্শন ইত্যাদি	কুইজ, প্রশ্ন রচনা এস.এ., এম.সি.কিউ

পরিশিষ্ট-3

পাঠ পরিকল্পনা

শিক্ষকের নাম

তারিখ

শ্রেণী

বিষয়

লক্ষ্য

অনুভাবন সেট

প্রত্যক্ষ নির্দেশ

পরিচালিত চর্চা

স্বনির্ভর চর্চা

উপাদান ও উপকরণের প্রয়োজন

মূল্যায়ন এবং অনুসরণ করা



নোট

পরিশিষ্ট-4

পাঠ পরিকল্পনা

তারিখ		কাল
শ্রেণী		বিষয়
সময়		প্রসঙ্গ

শিক্ষার বিষয় :

শিখনের লক্ষ্য :

পূর্বপাঠের জ্ঞান :

শিখন সম্পদ :

শিখন প্রক্রিয়া :


শিক্ষার বিষয়	অনুক্রমিতা সংবন্ধীয় শিক্ষার কার্যকলাপ	কালো বোর্ড/ পরীক্ষা পদ
ভূমিকা উপস্থাপন আবেদন (পরীক্ষা)		



নোট

একক — ৬ : মূল্যায়ন এবং মূল্য নিরূপণ এবং সম্পর্কিত বিষয়

ধারণা-এককের মানচিত্র



চিত্র: 6.1 এককের ধারণা মানচিত্র



নোট

একক — 6 : মূল্যায়ন এবং মূল্য নিরূপণ এবং সম্পর্কিত বিষয়

কাঠামো

- 6.0 – ভূমিকা
- 6.1 – শিখন উদ্দেশ্য
- 6.2 – সাধারণভাবে ব্যবহৃত কিছু পরিভাষা
 - 6.2.1 – পরিভাষার সংজ্ঞা
- 6.3 – মূল্যায়নের সংজ্ঞা
- 6.4 – উদ্দেশ্য এবং বিস্তৃত বিবরণ
 - 6.4.1 – বিজ্ঞানের উদ্দেশ্য এবং বিস্তৃত বিবরণ সংক্রান্ত লিখন
- 6.5 – মূল্যায়নের ধরণ
 - 6.5.1 – গঠনমূলক মূল্যায়ন
 - 6.5.2 – পর্যালোচনা মূল্যায়ন
- 6.6 – আভ্যন্তরীণ মূল্যায়ন
- 6.7 – সর্বাঙ্গিক, ধারাবাহিক মূল্যায়ন (CCE)
 - 6.7.1 – বাধ্যতামূলকভাবে টুলস্ এর ব্যবহার
 - 6.7.2 – গঠনমূলক মূল্যায়নের জন্য সি.সি.ই.
 - 6.7.3 – পর্যালোচনামূলক মূল্যায়নের জন্য সি.সি.ই.
- 6.8 – প্রতিকার এবং অক্ষমতার প্রকৃতি নির্ণয়ের শিখন
- 6.9 – জ্ঞান, অনুভূতি, এবং মানসিক ক্রিয়া সঞ্চারিত গতি সংক্রান্ত বিষয়ের মূল্যায়ন
- 6.10 – শিশুর ধারণা, দক্ষতা এবং মনোভাবের মূল্যায়নের কাঠামো
- 6.11 – সংক্ষিপ্তকরণ
- 6.12 – মূল বিষয় (paints)
- 6.13 – পরিভাষা/সংক্ষিপ্তকরণ
- 6.14 – সুপারিশকৃত গঠন এবং রেফারেন্সেস



নোট

মূল্যায়ন এবং মূল্য নিরূপণ এবং সম্পর্কিত বিষয়

6.0 ভূমিকা :

এই পাঠ্যসূচীতে আপনি বিজ্ঞানের প্রকৃতি সম্বন্ধে জেনেছেন। এই প্রক্রিয়ায় বিজ্ঞানের গুরুত্ব কি? বিজ্ঞান শিখনে বিভিন্ন দৃষ্টিভঙ্গীগুলো কী কী? বিভিন্ন ধরনের শিখন অভিজ্ঞতা সম্পর্কে আপনারা জেনেছেন এবং কিভাবে এই অভিজ্ঞতার পরিকল্পনা করা হয়। যদিও এই সমস্ত বিষয় খুবই গুরুত্বপূর্ণ এবং প্রয়োজনীয়, শিক্ষক হিসেবে এটা সমানভাবে গুরুত্বপূর্ণ যে আপনি শ্রেণীকক্ষে শিক্ষণ ও শিখন প্রক্রিয়ায় বিষয়টি নিয়ে আসছেন তার সঠিকতা ও কার্যকারিতা কতখানি। তাই এই এককে আমরা শিখন শিক্ষণ ও শিখন প্রক্রিয়া গুরুত্বপূর্ণ এবং অনিবার্য একটি দিক যেমন মূল্যায়ন এবং মূল্য নিরূপণ।

আপনি চিত্র 6.1 এর দিকে লক্ষ্য করবেন এবং দেখতে পাবেন বিভিন্ন ধারণার মধ্যে সম্পর্ক যা এই এককে অন্তর্ভুক্ত করা হয়েছে।

6.1 শিখনের উদ্দেশ্য :

এই এককের মধ্য দিয়ে আপনি জানতে পারবেন—

- পরিমাপ, মূল্যায়ন এবং মূল্য নিরূপণের মধ্যে ভিন্নতা
- উদ্দেশ্য এবং নির্দিষ্ট করণের মধ্যে পার্থক্য এবং বিষয়সূচী, শিখন অভিজ্ঞতা এবং মূল্যায়নের সাথে সম্পর্কের বিবরণ।
- শিক্ষার উদ্দেশ্যের বশীকরণ ব্যাখ্যা এবং আপনি যে বিষয়টি শিক্ষা দিচ্ছেন তার বিষয় ক্ষেত্রের উদ্দেশ্য এবং নির্দিষ্ট করণের বিষয় লেখা।
- গঠনমূলক এবং পর্যালোচনামূলক মূল্যায়নের তুলনা।
- আভ্যন্তরীণ মূল্যায়নের গুরুত্বের যৌক্তিকতা।
- শিক্ষণ ও শিখন প্রক্রিয়ায় ধারাবাহিক এবং সর্বাঙ্গিক মূল্যায়নের তাৎপর্য ব্যাখ্যা।
- অক্ষমতার প্রকৃতি নির্ণয় এবং প্রতিকারের প্রয়োজনীয়তা প্রতিরোধ করা।
- জ্ঞান, অনুভূতি এবং মানসিক ক্রিয়া সঞ্চারিত গতি সংক্রান্ত মূল্যায়নের ক্ষেত্রে পরিকল্পনা ঠিক করা।

মূল্যায়নের জন্য আমরা যে কর্মতৎপরতা নিয়ে থাকি তার উপযোগীতা এবং কার্যকারিতার বিষয়টি ভবিষ্যতের উন্নয়ন এবং গুণমানের জন্য জানা প্রয়োজন। কোন উৎপাদিত দ্রব্য ছাড়পত্র পায় গুণমান নিয়ন্ত্রণ প্রক্রিয়ার মধ্য দিয়ে যাওয়ার পর এবং উৎপাদিত দ্রব্যের গুণমান পরীক্ষা করা হয়। যদি কোন ত্রুটি পাওয়া যায় সেই নির্দিষ্ট দ্রব্যটি বাতিল বলে গণ্য হয়। এই ধরনের পরীক্ষার ব্যবস্থা করা হয় উন্নয়নের জন্য যাতে কোন দ্রব্য বাতিল না হয়। শিক্ষার ক্ষেত্রে গুণমান নিয়ন্ত্রণের জন্য আমরা কী করি? শিক্ষার প্রক্রিয়া হবে ফলপ্রসূ এবং লক্ষ্য হবে ভাল। আমরা মানুষ নিয়ে কাজ করি তাই এখানে কোন বাতিলের ব্যাপার থাকবে না। এই অবস্থায় শিক্ষণ ও শিখন প্রক্রিয়ায় মূল্যায়ন এবং মূল্য নিরূপণের বিষয়কে অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং কার্যকারিতা নিশ্চিত করতে হবে।

শিক্ষার্থীর মূল্যায়ন হল তার শিখনের ফল যা ব্যবহার করা হয় শিক্ষণ ও শিখন প্রক্রিয়ার কার্যকারিতার বিষয়টি বোঝার জন্য।



নোট

6.2 সাধারণভাবে ব্যবহৃত কিছু পরিভাষা :

আমরা প্রায়ই মূল্যায়ন এবং মূল্য নিরূপণ পরিভাষা অদলবদল অথবা একই অর্থবোধক অর্থে ব্যবহার করি। তারা সত্যিই কী একই অর্থবোধক? তাদের অর্থ সত্যিই কী এক? আমরা বোঝার চেষ্টা করি মূল্য নিরূপণের ধারণা এবং কিভাবে মূল্যায়নের থেকে ভিন্ন। আমরা কিছু শব্দ পরীক্ষা করার চেষ্টা করব যা শিক্ষার ক্ষেত্রে মূল্যায়নের সাথে ব্যবহার করা হয়।

পরীক্ষা : পরীক্ষা হল মূল্যায়নের একটি উপাদান। এখানে কিছু প্রশ্নাবলী থাকে যা শিক্ষার্থীরা উত্তর দেয়। শিক্ষক মহাশয় ঐ উত্তরগুলো পরীক্ষা করে এবং সঠিক উত্তরে সংখ্যাসূচক মূল্য দেন। সংখ্যাসূচক মূল্যকে বলা হয় নম্বর।

পরিমাপ : পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীর কাজের পরিমাপ করা হয় যেখানে সাংখ্যিক মূল্যের ভিত্তিতে শিক্ষার্থীর কাজের পরিমাপ করা হয়। এর দ্বারা নির্দিষ্ট পরীক্ষার মাধ্যমে সাংখ্যিক মূল্যের দ্বারা কর্মসম্পাদনের বিষয়টি মাপ করা হয়।

আমরা দুধের পরিমাণ, ব্যক্তির ওজন, বৃষ্টিপাতের পরিমাণ পরিমাপ করি। এই ধরনের ‘জড়’ পদার্থ যেমন ভলিউম বা ওজন সঠিকভাবে পরিমাপ করা যায়—দাড়িপাল্লা, সিলিন্ডার ইত্যাদি ব্যবহার করে। কিন্তু শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিমাপের জন্য এই ধরনের কোন যন্ত্র ব্যবহার করতে পারি না। আমাদের নির্ভর করতে হয় শিক্ষকের তৈরী করা পরীক্ষার উপর।

মূল্যায়ন : পরিভাষাটি মূলতঃ ব্যবহার করা হয় কার্যাবলীর গুণগত মান দেখার জন্য। এখানে কার্যাবলীর গুণগত দিকটি মূল্য নিরূপণ ধারণা বোঝার জন্য এই সমস্ত পরিভাষা ব্যবহার করা হয়। কিন্তু কোনোভাবেই মূল্য নিরূপণের সমার্থক নয়।

6.2.1 পরিভাষাগুলোর সংজ্ঞা :

পরিমাপ : পরিমাপের বিষয়গুলো সংখ্যায়নের দ্বারা স্থিরীকৃত হয়।

” বৃহত্তর অর্থে কোন কাজের পরিমাপ নিয়ম অনুসারে সংখ্যায়নের ভিত্তিতে করা হয় (সিটভেনস্ 1951)

” পরিমাপ হল নিয়মানুসারে কোন কাজের ‘সংখ্যায়ন করা’—স্টামলবিম (1968)

” পরিমাপ হল নির্দিষ্ট নিয়ম ও পদ্ধতি দ্বারা কোন বিষয়ের উপর নম্বর দেওয়া হয় যা নির্ধারণ করে বিষয়টির গুণগত মান।



নোট

মূল্যায়ন এবং মূল্য নিরূপণ এবং সম্পর্কিত বিষয়

মূল্যায়ন : মূল্যায়ন হল একটি প্রক্রিয়া যা চারিত্রিক বৈশিষ্ট্য কার্যাবলীর গুণগত মান নির্দেশ করে এটা শিক্ষা ব্যবস্থার উদ্দেশ্যের দিকে লক্ষ্য রেখে সম্পাদন করা হয়।

মূল্য নিরূপণ : ‘এটি হল একটি পদ্ধতি যা পরিমাপের মূল্য সম্পর্কে বিচার নির্দেশ করে’।

স্টাফেলবিম এবং অন্যান্যরা সংজ্ঞায়িত করেছেন (1968)

” মূল্যায়ন হল একটি পদ্ধতি যা বর্ণনা করে প্রয়োজনীয় তথ্য যা অবশ্যই বিচার সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করে।

প্যাটেল (1984) সংজ্ঞায়িত করেছেন, ‘মূল্য নিরূপণ হল সুপরিকল্পিত, ধারাবাহিকভাবে নিরূপণ করা এবং প্রক্রিয়া।

- যেখানে একটি নির্দিষ্ট শিক্ষার উদ্দেশ্য, যা পূর্ণ হইতে স্থিরীকৃত এবং অর্জিত হয়েছে।
- শিখন অভিজ্ঞতার কার্যকারিতা যা শ্রেণীকক্ষে প্রয়োগ করা সম্ভব।
- কতটা পরিমাণে শিক্ষার লক্ষ্য সফল হয়েছে।

এখন আপনি বুঝতে পেরেছেন যে, পরীক্ষা (Test) হল এমন একটি উপাদান বিভিন্ন দক্ষতার শিক্ষার্থীদের মূল্যায়নের পরিমা’ করতে সাহায্য করে।

কর্মতৎপরতা—1

1. উদাহরণ সহযোগে 100 শব্দের মধ্যে পরীক্ষা, পরিমাপ এবং মূল্যায়নের মধ্যে পার্থক্য আলোচনা করুন।

2. বিদ্যালয়ের শিখন শিখনের ছাঁচ অনুযায়ী শিখন সংক্রান্ত মূল্যায়নের ধারণা ব্যাখ্যা করুন।



নোট

6.3 মূল্য নিরূপণের ধারণা :

মূল্য নিরূপণের ধারণা নিম্নলিখিত ভাবে বর্ণনা করা যায়—

মূল্যায়ন =	সংখ্যায়ন পদ্ধতি	গুণগত মান	শিক্ষকের
	শিক্ষার্থীর সাফল্যের	+ শিক্ষার্থীর	+ দ্বারা
	নিরীখে	সাফল্যের	মূল্যের বিচার
		নিরীখে	

আরও ভালভাবে বোঝার জন্য নিম্নে বর্ণিত উদাহরণের দিকে লক্ষ্য করুন।

রাজু সপ্তম শ্রেণীতে পড়ে প্রথম টার্মিনাল লিখিত পরীক্ষায় ৪৭ শতাংশ নম্বর পেয়েছে। শিক্ষকের পর্যবেক্ষণ অনুযায়ী তিনি লিখেছেন রাজু সর্বদা নিয়মনিষ্ঠ এবং কাজে পরিশ্রম পরিচয়। সে খুব পড়াশুনা করে এবং সহপাঠক্রমিক কাজ যেমন বক্তৃতা, রচনা লেখা এবং বিতর্কেও তার আগ্রহ আছে। তিনি আরও লক্ষ্য করেছেন যে, রাজু অন্য কোন শিক্ষার্থীর সাথে মেলামেশা করে না। সে কোন প্রকল্প দলবদ্ধভাবে করার থেকে একা একা করাই বেশী পছন্দ করে। শিক্ষামূলক ভ্রমণে চারপাশের বিষয় একা একা পর্যবেক্ষণ করতে বেশী পছন্দ করে। এর উপর ভিত্তি করে শিক্ষক মহাশয় বিচারের মূল্য দেবেন যে যদিও রাজু সহপাঠক্রমিক কার্যে খুব ভাল কিন্তু সামাজিক এবং প্রাক্ষেভিক উন্নয়ন প্রয়োজন।

উপরের আলোচনা থেকে আপনি বুঝতে পেরেছেন যে, মূল্য নিরূপণ হল এমন একটি পরিবেষ্টিত পরিভাষা যা পরিমাপ ও মূল্যায়নের থেকেও বেশী। উপরে বর্ণিত উদাহরণ থেকে বলা যায় যে ৪৭ শতাংশ নম্বর হল রাজু সম্পর্কে সংখ্যায়নের পরিমাপ/বর্ণনা। রাজু নিয়মনিষ্ঠ এবং পরিশ্রম পরিচয়, এটা হল তার গুণমান নির্ধারণের পদ্ধতি। সহ পাঠক্রমিক কাজে রাজু খুব ভাল কিন্তু তার সামাজিক এবং প্রাক্ষেভিক দিকের উন্নয়নের প্রয়োজন। এটা হল তার শিক্ষক কর্তৃক বিচার সংক্রান্ত মূল্যায়ন।

এখন আমরা ড: প্যাটেল এর (১৯৮৪) মূল্যায়নের সংজ্ঞা আরও একবার পাঠ করব (যা নিম্নে বর্ণিত হয়েছে) এবং নতুন পরিভাষাটি একবার বোঝার চেষ্টা করব। যা আমরা অতিক্রম করে এসেছি।

- পূর্বে চিহ্নিত এবং সংজ্ঞায়িত নির্দিষ্ট শিক্ষা কৌশল।
- শিখনের অভিজ্ঞতা।
- শিক্ষার লক্ষ্য
- সুপরিবর্তিত ধারাবাহিক প্রক্রিয়া।

কোন একটি কাজ গ্রহণ করার পর এটা জানা অত্যন্ত জরুরী যে কোন কাজটি নেওয়া হয়েছে। এর মধ্য দিয়ে আমরা কী অর্জন করতে পারি। অন্যভাবে বললে এটা জানা অত্যন্ত প্রয়োজনীয়। যে কাজটি নেওয়া হয়েছে তার উদ্দেশ্য কী? শিক্ষা প্রক্রিয়ায় শিক্ষার লক্ষ্য থাকবে খুবই স্বচ্ছ শিক্ষার



নোট

মূল্যায়ন এবং মূল্য নিরূপণ এবং সম্পর্কিত বিষয়

কেন্নর প্রেক্ষিত থেকে। এগুলো হল বৃহত্তর এবং লক্ষ্য পরিভাষা। উদ্দেশ্য হল ক্ষুদ্র পদক্ষেপ শ্রেণীকক্ষে শিক্ষণ ও শিখন প্রক্রিয়ায় যা অর্জিত হয়, এবং উদ্দেশ্য অর্জিত হলে তা আমাদের সাহায্য করে লক্ষ্যের কাছাকাছি পৌঁছতে। উদ্দেশ্য হল শিক্ষার উদ্দেশ্য সম্পর্কিত সংজ্ঞা যা অর্জিত হয় বিদ্যালয়ে বিভিন্ন বিষয় শিক্ষার সাথে সাথে।

বিষয়বস্তুকে পাঠ্যসূচী বলে অভিহিত করা হয়। শিক্ষার্থীদের সাহায্য করার জন্য শিক্ষক মহাশয় বিভিন্ন পদ্ধতি বিজ্ঞান আয়ত্ত করবেন যা একক-3 এ ব্যাখ্যা করা হয়েছে এবং শ্রেণীকক্ষে উদাহরণ হিসেবে তা ব্যাখ্যা করবেন। শিক্ষক মহাশয় নির্দিষ্ট ধারণার ব্যাখ্যা দেবেন। তিনি রেখাচিত্র এবং মডেল এর সাহায্যে ব্যাখ্যা করতে পারেন। তিনি একটি পরীক্ষারও প্রদর্শন করতে পারেন। শিক্ষার্থীরা যখন এই কাজের বিষয়ে আদান-প্রদান করবে তখন শিখন অভিজ্ঞতার নিরীখে তিনি তাদের আভ্যন্তরীণ মূল্যায়ন করবেন। আপনি বিগত অধ্যায়ে শিখন অভিজ্ঞতা সম্পর্কে অবহিত হয়েছেন। আপনি জানেন যে, শিখন অভিজ্ঞতা প্রত্যক্ষ/সরাসরি অথবা পরোক্ষ/অন্যের কাছ থেকে সংগৃহীত। উদাহরণ একজন শিশু গরম পাত্র স্পর্শ করার জন্য পুড়ে গেছে এটা হল প্রত্যক্ষ এবং সরাসরি অভিজ্ঞতা। কিন্তু তার বন্ধু এই বিষয়ে শুনে এবং শিশুটির ব্যথার অভিব্যক্তি দেখে যে অভিজ্ঞতা অর্জন করেছে তা হল পরোক্ষ বা সংগৃহীত অভিজ্ঞতা। শিক্ষণ শিখন প্রক্রিয়ায়, এই শিখন অভিজ্ঞতায় ব্যবহারের ক্ষেত্রে সংশোধিত ফল লক্ষ্য করা যায় যাকে শিখন বলা হয়। মূল্য নিরূপণ শিখনের লক্ষ্যে পৌঁছতে সাহায্য করে।

এই স্তরে শিক্ষক মহাশয়ের জানা প্রয়োজন, যে শিখন অভিজ্ঞতা দেওয়া হয়েছে তার কার্যকারিতা এবং নির্ভুলতা বিষয়ে। তাই শিক্ষক মহাশয় বিভিন্ন ধরনের কৌশল এবং মূল্যায়নের পদ্ধতি ব্যবহার করেন। এটা অবশ্যই যে, মূল্যায়নের জন্য যখন বিভিন্ন ধরনের পদ্ধতি ব্যবহার করছেন তখন শিক্ষক মহাশয়কে মনে রাখতে হবে যে শিক্ষার্থীকে যে ধরনের শিখন অভিজ্ঞতা দেওয়া হয়েছিল যা মূল্যায়িত হবে। এটা বলার অপেক্ষা রাখে না যে, উদ্দেশ্য, পাঠ্যসূচী, শিখন অভিজ্ঞতা এবং মূল্যায়ন অভিজ্ঞতা পরস্পর সম্পর্কিত। এগুলো একে অন্যের উপর পারস্পরিক নির্ভরশীল। এটি রেখাচিত্রের সাহায্যে চিত্র-6.2 তে উপস্থাপিত করা হল।




Fig. - 6.2 : শিক্ষার মূল্য নিরূপণের চারটি ক্ষেত্র (প্যাটেল 2001)



নোট

উদাহরণের সাহায্যে রেখাচিত্রের উপস্থাপনা বোঝার চেষ্টা করা যাক।

NCERT ষষ্ঠ শ্রেণীর একটি বিজ্ঞান বিষয়ক পাঠ্যপুস্তক রচনা করে যার পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত একটি বিষয় হল ‘গাছপালা জানো’। এটি হল একটি পাঠ্যসূচী। এই পাঠ্যসূচী শিখনের মধ্য দিয়ে আমরা লক্ষ্যে পৌঁছব। প্রশ্নগুলোর উত্তর বলে দেবে আমাদের ‘কৌশল’ এর বিষয়।

ষষ্ঠ শ্রেণীর উপযুক্ত নির্দিষ্ট কৌশল হতে পারে।

1. শিক্ষার্থীরা গাছের বিভিন্ন অংশের মনে করার চেষ্টা করবে।
2. শিক্ষার্থীরা গাছের বিভিন্ন অংশের চিহ্নিত করবে।
3. শিক্ষার্থীরা গাছের বিভিন্ন অংশের কার্যাবলীর বর্ণনা করবে।
4. শিক্ষার্থীরা গাছের বিভিন্ন অংশের রেখাচিত্র অঙ্কন করবে।
5. শিক্ষার্থীরা গাছের বিভিন্ন অংশের উপর লেবেল লাগাবে।
6. শিক্ষার্থীরা গাছের বিভিন্ন অংশের নমুনা ইত্যাদি যা দেওয়া হয়েছে তা চিহ্নিত করবে।

এখন উদ্দেশ্য সফল করার জন্য প্রাসঙ্গিক শিখন অভিজ্ঞতা যা প্রদান করা প্রয়োজন।

একজন শিক্ষক মহাশয় পারেন—

1. গাছের প্রকৃত নমুনা প্রদর্শন করবেন।
2. ব্ল্যাকবোর্ডের ওপর রেখাচিত্র অঙ্কন করুন এবং ব্যাখ্যা দিন।
3. চার্ট দেখান এবং তার ব্যাখ্যা দিন এবং অ্যানিমেশনের মাধ্যমে দেখান।
4. শিক্ষার্থীদের বাগানে নিয় যান এবং তাদের বিভিন্ন ধরনের গাছের পর্যবেক্ষণ করতে বলুন এবং বিভিন্ন অংশকে চিহ্নিত করতে বলুন।
5. শিক্ষার্থীদের গাছের বীজ বপন করতে বলুন এবং পর্যবেক্ষণ করে নোট রাখতে বলুন গাছ বেড়ে ওঠার সঙ্গে সঙ্গে।

শিখন অভিজ্ঞতা প্রদানের সঙ্গে সঙ্গে এই জানা অত্যন্ত প্রয়োজনীয় শিক্ষণ অভিজ্ঞতার কার্যকারিতা সম্পর্কে। এটি একমাত্র মূল্যায়নের মাধ্যমে হতে পারে। এরজন্য নিম্নলিখিত বিষয়গুলো করা যেতে পারে।

1. মৌখিক প্রশ্ন জিজ্ঞাসা করুন।
2. লিখিত পরীক্ষা দিন।
3. শিক্ষার্থীদের রেখাচিত্র আঁকতে এবং লেবেল করতে বলুন।
4. নমুনা দেখিয়ে শিক্ষার্থীদের বিভিন্ন অংশের চিহ্নিত করতে বলুন।
5. শিক্ষার্থীদের বিভিন্ন নমুনা সংগ্রহ করতে বলুন এবং বইতে আটকাতে বলুন এবং তার উপর লেবেল করতে বলুন।



নোট

মূল্যায়ন এবং মূল্য নিরূপণ এবং সম্পর্কিত বিষয়

আপনি কী মনে করেন শিক্ষক কর্তৃক শিক্ষার্থীদের মূল্যায়ন করা উচিত?

আমাদের এখানে মনে রাখতে হবে শিক্ষক মহাশয় শিক্ষার্থীদের রেখাচিত্র এবং নমুনা দেখিয়েছেন। এবং তিনি শিক্ষার্থীদের বলবেন বিভিন্ন অংশের চিহ্নিত করতে। কিন্তু যদি শিক্ষক মহাশয় শুধুমাত্র বর্ণনা করতে বললেন চাক্ষুষ ভাবে প্রদর্শন না করে। তাহলে শিক্ষক মহাশয় শুধুমাত্র নমুনা দেখিয়ে কোন অংশের চিহ্নিত করতে বলতে পারেন? শিক্ষক মহাশয় বিষয়টি কখনই মূল্যায়ন প্রক্রিয়া আনতে পারবেন না তার কারণ তিনি শিক্ষার্থীদের নিকট শিখন অভিজ্ঞতা তুলে ধরতে পারেন নি।

আমাদের অপর একটি উদাহরণ দেখা যাক। শিক্ষক মহাশয় ‘আলোক অধ্যায়ে’ প্রতিফলনের সূত্র ব্যাখ্যা করতে চাইছেন। শিক্ষক মহাশয় শ্রেণীকক্ষে নিম্নলিখিত কর্মতৎপরতা পরিচালিত করবেন।

1. ব্ল্যাকবোর্ডের ওপর একটি রেখাচিত্র অঙ্কন করবেন এবং চার্টটি প্রদর্শন করবেন এবং ব্যাখ্যা করবেন।
2. নিয়মটি প্রমাণ করার জন্য তিনি পরীক্ষাটি প্রদর্শন করবেন এবং শিক্ষার্থীদের অনুরোধ করবেন প্রদর্শনীটি প্রদর্শন করার জন্য।
3. শিক্ষার্থীদের নির্দেশ দেবেন পরীক্ষাটি করার জন্য এবং নোট নিতে বলবেন এবং ফলাফল মিলিয়ে নিতে বলবেন।

আপনি শিক্ষক হিসেবে শিক্ষণ শিখন প্রক্রিয়ায় প্রথম শর্তটি গ্রহণ করবেন। আপনি কীভাবে আপনার শিক্ষার্থীর মূল্যায়ন করবেন? এক্ষেত্রে আপনি কাগজে কলমে পরীক্ষা পদ্ধতি গ্রহণ করবেন তাদের শিখন সংক্রান্ত ফলাফল জানার দ্বসজন্য কিন্তু আপনি শিক্ষার্থীদের ব্যবহারিক (practical) পরীক্ষার কথা বলেন নি। শিখন প্রক্রিয়ায় তাদের যন্ত্রপাতি নাড়াচাড়া করার মত কোন অভিজ্ঞতা হয়নি।

তাই এটা লক্ষ্য করা যায় যে, উদ্দেশ্য, পাঠ্যসূচী, শিখন অভিজ্ঞতা এবং মূল্যায়নের মধ্যে প্রত্যক্ষ সম্পর্ক বিদ্যমান। সেই কারণে শিক্ষকের উদ্দেশ্য সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা অত্যন্ত জরুরী।

6.4 উদ্দেশ্য এবং বিস্তৃত বিবরণ

শিক্ষণ ও শিখন প্রক্রিয়ায় উদ্দেশ্যগুলো কী কী?

শিখন প্রক্রিয়ায় উদ্দেশ্য হল সাফল্যের লক্ষ্যমাত্রায় পৌঁছানো। এগুলো প্রত্যেকটি বিষয়ভিত্তিক এবং শিক্ষণ শিখন প্রক্রিয়ার মাধ্যমে তা অর্জিত হয়। তারা দৈনন্দিন কর্মতৎপরতায় শিক্ষক মহাশয়দের সাহায্য করে। শিক্ষা হল ব্যক্তিত্বের পরিপূর্ণ বিকাশ। এর অর্থ হল Head (জ্ঞান ক্ষেত্র), Heart (অনুভূতি ক্ষেত্র) এবং Hand (মানসিক ক্রিয়া সঙ্ঘাত গতি সংক্রান্ত বিষয়) মধ্যে সামঞ্জস্য পূর্ণ সম্পর্ক স্থাপন করা। ডঃ বেঞ্জামিন এস ব্রুম জ্ঞানমূলক ক্ষেত্রের উদ্দেশ্যের উল্লেখ করেছেন যা পরবর্তীকালে তার ছাত্র অ্যান্ডারসন এবং সহকর্মী কার্থহোল কর্তৃক সংশোধিত হয়।



নোট

অনুভূতি ক্ষেত্র উন্নত হয় ডঃ কার্থহোল এবং মানসিক ক্রিয়া সঞ্জাত নীতি সংক্রান্ত বিষয় উন্নত হয় ডঃ ডেভ এর দ্বারা। শিক্ষার উদ্দেশ্যের ক্রমোচ্চবিন্যাস ব্যক্তির ব্যক্তিত্বের সমগ্র দিককে আবৃত করে।

1. জ্ঞানমূলক ক্ষেত্র স্মরণে রাখা ধারণাশক্তি প্রয়োগ বিশ্লেষণ মূল্যায়ন সৃষ্টিশীল	2. অনুভূতিমূলক ক্ষেত্র গ্রহণ করা সাড়া দেওয়া মূল্য দেওয়া সাংগঠনিক চরিত্রায়ন	3. মানসিক ক্রিয়া সঞ্জাত গতি সংক্রান্ত বিষয় অনুকরণ সুকৌশলে কার্য বুপায়ণ শুদ্ধতা বাক্যে প্রকাশ স্বাভাবিকীকরণ
--	---	--



Fig. - 6.3 : শিক্ষার উদ্দেশ্যের বর্গীকরণ

ক্রমোচ্চ বিন্যাসের অর্থ হল—অসুবিধার স্তর ক্রমশ বৃদ্ধি পাচ্ছে এবং যখন কেউ উচ্চ লক্ষ্যের দিকে যাচ্ছে এর অর্থ হল নিম্নের উদ্দেশ্য ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। উদাহরণস্বরূপ জ্ঞানের ক্ষেত্রে যদি শিক্ষার্থী শক্তির প্রভাব সম্পর্কে বুঝে থাকে, তাহলে এর অর্থ হল সে জানে শক্তি কী?

জ্ঞানের ক্ষেত্রে সেই উদ্দেশ্যগুলোর অন্তর্ভুক্ত করা আছে যা আলোচনা করে স্মরণ করা অথবা জ্ঞানের স্বীকৃতি এবং বৌদ্ধিক সহায়তার উন্নয়ন।

উদাহরণস্বরূপ ক্ষার এবং নির্মাণ, তার উপাদান এবং সঠিক রাসায়নিক পদার্থ মেঝে পরিষ্কার করার জন্য প্রয়োজন (দৈনন্দিন জীবনে এর ব্যবহার) হল একটি জ্ঞানমূলক কর্মকাণ্ড।

জ্ঞানমূলক ক্ষেত্রে সংশোধিত বর্গীকরণে দুটি দিকের বিবেচনা করা হয়—জ্ঞানের দিক এবং অপরটি হল জ্ঞান প্রক্রিয়ার দিক।



নোট

মূল্যায়ন এবং মূল্য নিরূপণ এবং সম্পর্কিত বিষয়

টেবিল - 6.1 : অ্যাডারসন এবং কার্টহোল সংশোধিত জ্ঞান ক্ষেত্রের বর্গীকরণ						
জ্ঞানমূলক প্রক্রিয়া						
	1	2	3	4	5	6
জ্ঞানের দিক	স্মরণ করা	ধারণা শক্তি	প্রয়োগ	বিশ্লেষণ	মূল্যায়ন	সৃষ্টি
তথ্যসংক্রান্ত						
ধারণা সংক্রান্ত						
কার্যপ্রণালী সংক্রান্ত						
অর্থজ্ঞাপক						

নিম্নে টেবিলের বর্ণনা দেওয়া হল—

জ্ঞানের ক্ষেত্র নিম্নলিখিত ভাবে বর্ণনা করা হয়েছে :

তথ্য সংক্রান্ত জ্ঞান হল এমন একটি জ্ঞান যা নির্দিষ্ট বিষয়ের উপর ভিত্তি করে গড়ে ওঠে। এই ক্ষেত্রটি প্রয়োজনীয় ঘটনা, পরিভাষা বিজ্ঞান, বিস্তৃত অথবা উপাদান যা শিক্ষার্থীরা অবশ্যই জানবে অথবা বিষয়টির সঙ্গে পরিচিত হবে বিষয় সম্পর্কে ধারণা অথবা সমস্যা সমাধান করার জন্য। উদাহরণ অক্সিজেন প্রতিনিধিত্ব করছে O_2 এর দ্বারা।

ধারণা সংক্রান্ত জ্ঞান হল জ্ঞানের শ্রেণীবিভাজন, মূলনীতি, সামান্যীকরণ, তত্ত্ব, মডেল অথবা কাঠামো প্রাসঙ্গিক নির্দিষ্ট বিষয় ক্ষেত্রে। উদাহরণ ওজনের ধারণা।

কার্যপ্রণালী সংক্রান্ত জ্ঞান—নির্দেশ করে কিছু তথ্য অথবা জ্ঞান যা শিক্ষার্থীদের সাহায্য করে নির্দিষ্ট বিষয়ে অথবা অধ্যয়নের ক্ষেত্রে। ইহা অনুসন্ধানের পদ্ধতি, নির্দিষ্ট দক্ষতা, অ্যালগোরিথম, কৌশল এবং নির্দিষ্ট বিজ্ঞান। উদাহরণস্বরূপ ফুলের অধ্যয়নের জন্য তার আভ্যন্তরীণ অংশ টুকরো টুকরো করে কাটা।

অর্থজ্ঞাপক জ্ঞান—নিজের জ্ঞান সম্পর্কে সচেতনতা নির্দিষ্টভাবে জ্ঞানমূলক প্রক্রিয়ায়। এটা কৌশলগত অথবা প্রতিফলিত জ্ঞান কীভাবে সমস্যা সমাধান করতে হয়, জ্ঞানমূলক কাজ যা অন্তর্ভুক্ত করা হয় প্রাসঙ্গিক এবং জ্ঞানের শর্ত এবং নিজে জানা।

জ্ঞানমূলক ক্ষেত্রের দিকটি হল নিম্নরূপ :

স্মরণ করা—দীর্ঘ সময় মনে রাখা বিষয়টি পুনরুদ্ধার করা।

ধারণা শক্তি —শিক্ষামূলক ম্যাসেজ থেকে অর্থ গঠন করা যার মধ্যে অন্তর্ভুক্ত আছে মৌখিক, লিখিত এবং চিত্রণ সম্বন্ধীয় যোগাযোগ।

প্রয়োগ—নির্দিষ্ট অবস্থায় একটি পদ্ধতি ব্যবহার করুন।



নোট

বিশ্লেষণ—বস্তু ভেঙে স্থির করতে হবে যে কিভাবে বিভিন্ন অংশগুলো, সামগ্রিক কাঠামো এবং উদ্দেশ্য সম্পর্কযুক্ত।

মূল্যায়ন—নির্দিষ্ট শর্তের উপর ভিত্তি করে বিচার করা।

সৃষ্টি করা—উপাদানগুলো একসঙ্গে রেখে সামঞ্জস্যপূর্ণ অথবা কার্যগত সমগ্র গঠন করতে হবে এবং নতুন ছাঁচ অথবা কাঠামোয় উপাদানগুলো সংগঠিত করা।

সংশোধিত মডেল সুন্দরভাবে উপাদানগুলো সাজিয়ে রাখে। সেই কারণে সেগুলো বিবেচনা করা হয় এবং ব্যবহার করা হয় যার ফলে যে শিক্ষামূলক কাজের সঙ্গে জ্ঞানমূলক প্রক্রিয়া যুক্ত তা সহজেই চিহ্নিত করা যায়। এই বিষয়টি শিক্ষকদের মূল্যায়ন প্রক্রিয়াকে আরও শক্তিশালী করে তোলে।

শিক্ষক মহাশয় স্বমূল্যায়ন এবং শিক্ষার্থীর মূল্যায়ন আরও সহজ হয়েছে ব্যবহারযোগ্য বিন্যাস গড়ে উঠার সঙ্গে সঙ্গে।

অনুভূতিমূলক ক্ষেত্র সেই উদ্দেশ্যগুলো অন্তর্ভুক্ত করা হয় বা পরিবর্তনের অর্থাৎ আগ্রহ, দৃষ্টিভঙ্গী এবং মূল্যবোধ এর সঙ্গে সম্পর্কযুক্ত [(কার্থহোল এট.অল (1964)]

উদাহরণ—বিজ্ঞানসম্মত দৃষ্টিভঙ্গীর উন্নয়ন আমাদের আশেপাশের গাছপালা এবং পশুর যত্ন নেওয়া, অভাবগ্রস্থের সাহায্য দান, আমাদের আশেপাশের জায়গা পরিষ্কার রাখা ইত্যাদি হল অনুভূতিমূলক ক্ষেত্রের অংশ।

মানসিকক্রিয়া সঞ্জাত গতি সংক্রান্ত বিষয়—

মানসিক ক্রিয়া সঞ্জাত গতি সংক্রান্ত বিষয়ে অন্তর্ভুক্ত আছে হস্তচালিত এবং গতি সংক্রান্ত দক্ষতা দৈহিক উন্নয়নের বিষয়টি এর মধ্যে অন্তর্ভুক্ত।

উদাহরণ—ঠিকভাবে যন্ত্রপাতি নাড়াচাড়া করা, তরল পদার্থের সঠিক পরিমাপ, একটি পরিষ্কার রেখাইচত্র অঙ্কন করা, গাছপালাগুলো এবং গাছের যত্ন নেওয়া ইত্যাদি মানসিক ক্রিয়া সঞ্জাত গতি সংক্রান্ত ক্ষেত্রের অন্তর্ভুক্ত।

কর্মতৎপরতা—2

1. জ্ঞান, অনুভূতি এবং মানসিক ক্রিয়া সঞ্জাত ক্ষেত্রের সুনির্দিষ্ট ব্যাখ্যা এবং উদাহরণ সহ 350 শব্দের মধ্যে লিখুন।



নোট

মূল্যায়ন এবং মূল্য নিরূপণ এবং সম্পর্কিত বিষয়

শিক্ষার উদ্দেশ্যের বর্গীকরণ ব্যক্তিত্বের তিনটি দিকেরই আবৃত করে। উদাহরণ হিসাবে বলা যায়, যখন শিক্ষার্থী দূষণ সম্পর্কে অধ্যয়ন করছে (জ্ঞানমূলক ক্ষেত্র), সে তার কর্মকাণ্ড সম্পর্কে সচেতন এবং সে এমন কোন কাজ করে না যা দূষণের সঙ্গে যুক্ত (অনুভূতিমূলক ক্ষেত্র)। সে নিজে তার আশপাশ পরিষ্কার করে (মানসিক ক্রিয়া সঙ্ঘাত গতি সংক্রান্ত বিষয়)। সে নিজে অন্যান্য বন্ধুদের অনুপ্রাণিত করে আশপাশ পরিষ্কার রাখার জন্য (অনুভূতিমূলক ক্ষেত্র)। এর অর্থ এই নয় যে তারা সকলে একে অন্যের থেকে পৃথক তারা সকলে পরস্পরের উপর নির্ভরশীল এবং অবিচ্ছেদ্য। প্রত্যেকটি ক্ষেত্রের উদ্দেশ্য সাজাতে হবে ক্রম উচ্চানুসারে। এর অর্থ হল যখন কেউ এক স্তর থেকে অন্য স্তরের দিকে এগিয়ে যায় তখন অসুবিধার স্তরটি বৃদ্ধি পায়।

শিক্ষণ-শিখন সঠিক পদ্ধতিতে সুবিন্যস্ত করতে হবে যাতে একজন শিক্ষার্থী খুব সহজেই নীচের স্তর থেকে উচ্চ স্তর পর্যন্ত পৌঁছতে পারে। উদাহরণ হিসেবে বলা যায়, বাস্তব জীবন অবস্থায় নিউটনের প্রথম সূত্র যদি প্রয়োগ করা যায়, শিক্ষার্থীকে প্রথমে এটা বুঝতে হবে। কিন্তু এটা বোঝার জন্য শিক্ষার্থীকে সেটা বুঝতে হবে সঠিকভাবে আইনের বস্তু কী। এই ক্রমোচ্চ বিন্যাস তিনটি ক্ষেত্রের প্রয়োগের জন্য গুরুত্বপূর্ণ। তিনটি ক্ষেত্রের শিখন অভিজ্ঞতার যদি সঠিক গুরুত্ব দেওয়া যায় তাহলে ব্যক্তিত্বের সামঞ্জস্যপূর্ণ বিকাশ সম্ভব।

এই উদ্দেশ্যগুলো যখন নির্দিষ্ট পাঠ্যসূচীতে লিখিত হয় তখন তাকে নির্দিষ্টকরণ পদ্ধতি বলে। নির্দিষ্টকরণ পদ্ধতি নির্দেশ দেয় শিক্ষার্থীর কর্মে সফলতা যা তার ব্যবহারের পরিবর্তন সূচনা করে। যখন আপনি লিখবেন শিক্ষার্থী ব্যাখ্যা করবে গাছের কোষের কাঠামো, ‘ব্যাখ্যা’ শব্দটি দেখায় শিক্ষার্থী কাজকর্ম অথবা শিক্ষার্থীর খোলামেলা ব্যবহার এবং গাছের কোষের কাঠামো বলতে বোঝায় নির্দিষ্ট পাঠ্যসূচী। আপনি নিম্নে প্যারাগ্রাফের থেকে আরও অনেক কিছু জানতে পারবেন।

নির্দিষ্টভাবে উল্লেখিত কোন উক্তি লেখার জন্য নির্দিষ্ট কিছু নিয়মকানুন ও পদ্ধতি আছে। নির্দিষ্টভাবে উল্লেখিত উক্তি ক্রিয়াপদ (verb) ধারণ করে। আমরা এখন পাঠ করব, কিভাবে নির্দিষ্টকরণ পদ্ধতিতে উক্তি লিখতে হবে।

নির্দিষ্টকরণ পদ্ধতির উক্তি অবশ্যই হবে—

1. কর্মকাণ্ড সংক্রান্ত ক্রিয়াপদ থাকবে।
2. নির্দিষ্টভাবে উল্লেখিত সঠিক কাজের বিষয় থাকবে (অবশ্যই শিক্ষার্থীর বয়স, দৈহিক এবং মানসিক প্রয়োজনের দিকে লক্ষ্য রাখতে হবে)।
3. মানুষের স্বক্ষমতা সম্পর্কিত হবে (যা উন্নত হতে পারে অথবা অর্জন করতে হবে শিক্ষার সাহায্যে)।



নোট

4. বিষয়বস্তুর উল্লেখ করা (যেমন পাঠ্যসূচী)।
5. শিক্ষার্থীর সিদ্ধিলাভ সম্পর্কিত হবে, কোনোভাবেই শিক্ষকের ইচ্ছার উপর নির্ভর করবে না।
6. একজন শিক্ষার্থীর সিদ্ধিলাভের বিষয় উল্লেখ থাকবে, কোনোভাবেই দলবদ্ধ বিষয় থাকবে না।
7. একজনের সাক্ষরতা উন্নত, অর্জিত অথবা সংশোধিত হবে।
8. কেবলমাত্র একটি পাঠ্যসূচীর বিষয় থাকবে।

উদাহরণ শিক্ষার্থী গতির (motion) ধরণ স্মরণ (recall) করার চেষ্টা করছে। এই উক্তিটিতে স্মরণ (recall) কর্মকাণ্ড সংক্রান্ত ক্রিয়াপদ এবং ‘গতির প্রকারভেদ’ হল পাঠ্যসূচীর অংশ।

কর্মতৎপরতা—3			
নির্দিষ্টকরণ পদ্ধতির উক্তি	কর্মকাণ্ড সংক্রান্ত ক্রিয়াপদ	পাঠ্যসূচী	উদ্দেশ্য
শিক্ষার্থী নিউটনের প্রথম সূত্রের উক্তি স্মরণ করার চেষ্টা করবে। শিক্ষার্থী অণুর (atom) কাঠামো বর্ণনা করবে। শিক্ষার্থী ত্রাফিমা সম্পর্কিত তরঙ্গ এবং অনুপ্রস্থ তরঙ্গের পার্থক্য করবে। শিক্ষার্থী দৌল্যমান গতির উদাহরণ দেবে। শিক্ষার্থী জলবাহিত রোগের নিয়ন্ত্রণ করবে। শিক্ষার্থী পাতার রেখাচিত্র অঙ্কন করবে।			

6.4.1 বিজ্ঞানের উদ্দেশ্য এবং নির্দিষ্টকরণ সম্পর্কিত লিখন :

নিম্নে নির্দিষ্টকরণ সম্পর্কিত ব্যাখ্যা লেখা আছে, প্রথম তিনটি অর্থাৎ স্মরণ করা, ধারণা শক্তি এবং প্রয়োগ জ্ঞান সম্পর্কিত ক্ষেত্র এবং দক্ষতা হল মানসিক ক্রিয়া সঞ্চারিত গতি সম্পর্কিত ক্ষেত্র। উদ্দেশ্য হল অনুভূতি সংক্রান্ত ক্ষেত্র যেমন বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী অথবা সৌন্দর্য্যানুভূতি উন্নয়নের ক্ষেত্রে সহায়ক।

নিম্নে উদাহরণের দিকে লক্ষ্য করা যাক।

স্মরণ করা

শিক্ষার্থী বৈজ্ঞানিক পরিভাষা যেমন চিহ্ন, বিজ্ঞানীদের নাম, কাঠামো, ছাঁচ, ফরমুলা প্রভৃতি স্মরণ করার চেষ্টা করবে।

শিক্ষার্থীরা বিজ্ঞানীদের ছবি, যন্ত্রপাতি, দেহযন্ত্রের বিভিন্ন অংশ, রেখাচিত্র প্রভৃতি জানার চেষ্টা করবে।



নোট

মূল্যায়ন এবং মূল্য নিরূপণ এবং সম্পর্কিত বিষয়

ধারণাশক্তি :

শিক্ষার্থীরা বিভিন্ন ধরনের নীতি, ধারণা, প্রক্রিয়া, তত্ত্ব প্রভৃতি সম্পর্কে ধারণা শক্তি উন্নত করার চেষ্টা করবে।

শিক্ষার্থীরা পার্থক্য করবে (তুলনা, বৈপরিত্য, পার্থক্য) মধ্যে।

শিক্ষার্থী ব্যাখ্যা করবে (যুক্তি দেখাবে)—কারর এবং প্রভাবের সম্পর্ক।

শিক্ষার্থীরা উদাহরণ দেবে (উদাহরণ)।

শিক্ষার্থীরা ভুল নির্ণয় করবে (ভুল চিহ্নিত করবে)

শিক্ষার্থীরা ভুল সংশোধন করবে (ভুল সংশোধন করা)

শিক্ষার্থীরা নিয়মকানুন সম্পর্কে ধারণা গঠন করবে (অনুমান করা, অনুমান)

শিক্ষার্থীরা শ্রেণীবিভাগ করবে।

শিক্ষার্থীরা সঠিক যন্ত্রপাতি এবং পদ্ধতি প্রভৃতি নির্বাচন করবে।

যে পদ্ধতি শিখেছে তার ভিত্তিতে শিক্ষার্থীরা সমস্যা সমাধান করবে।

প্রয়োগ :

শিক্ষার্থীরা তাদের ধারণাশক্তি নতুন অবস্থায় প্রয়োগ করবে।

শিক্ষার্থীরা সমস্যাবলী এবং প্রশ্নাবলী বিশ্লেষণ করবে।

শিক্ষার্থীরা সঠিক তথ্য অথবা Data নির্বাচন করবে।

শিক্ষার্থীরা বিভিন্ন উক্তির ক্ষেত্রে বিজ্ঞানসম্মত কারণ দেবে।

শিক্ষার্থীরা সম্ভাব্য কারণ এবং প্রভাব প্রভৃতি সম্পর্কে অনুমান করবে।

শিক্ষার্থীরা তাৎক্ষণিক যন্ত্রপাতি, পদ্ধতি প্রভৃতি বিষয়ে সুপারিশ করবে।

দক্ষতা :

শিক্ষার্থীরা পর্যবেক্ষণ, রেকর্ডিং, কর্ম সম্পাদন, রেখাচিত্র অঙ্কণ প্রভৃতি বিষয়ে দক্ষতা অর্জন করবে।

A. কর্মসম্পাদনের পদ্ধতি :

শিক্ষার্থীরা কাজের ক্ষেত্রে তাদের যন্ত্রপাতি পরীক্ষা করবে।

শিক্ষার্থীরা যন্ত্রপাতি পরিষ্কার করবে।

শিক্ষার্থীরা যন্ত্রপাতি প্রস্তুত করবে।

শিক্ষার্থীরা রেখাচিত্র অঙ্কণ করবে।

শিক্ষার্থীরা নিজস্ব ব্যাখ্যা/পর্যবেক্ষণ রেকর্ড করবে।

শিক্ষার্থীরা ওজন, ভলিউম পরিমাপ করবে।

শিক্ষার্থীরা পরীক্ষানিরীক্ষার সময় পূর্ব সতর্কতা অবলম্বন করবে।

শিক্ষার্থীরা যথাযথ পর্যবেক্ষণ করবে।

B. কর্মসম্পাদনের ফল :

শিক্ষার্থীরা পর্যবেক্ষণের বিষয় সংক্ষিপ্তকরণ করবে।

শিক্ষার্থীরা ফলাফলের হিসেব করবে (উদাহরণ লেন্সের ফোকাস দূরত্ব)

এখন আপনি অবশ্যই বুঝতে পেরেছেন নির্দিষ্টকরণ এবং উদ্দেশ্যের ধারণা এবং উপলব্ধির



নোট

গুরুত্ব। এখন আপনি সঠিকভাবে আপনার পাঠশিক্ষার বিষয়ে পরিকল্পনা করতে পারবেন যা আপনাকে লক্ষ্য অর্জনে সাহায্য করবে। এই প্রক্রিয়া আপনাকে শিক্ষার্থীদের অর্জিত বিষয় সম্পর্কে মূল্যায়ন ক্ষেত্রে সাহায্য করবে।

কর্মতৎপরতা-4

(1) বিজ্ঞান পাঠ্যপুস্তক থেকে একটি একক নির্বাচন করুন। উদ্দেশ্য এবং নির্দিষ্টকরণ সম্পর্কে লিখুন।

(2) আপনার পছন্দের একটি একক বিবেচনা করুন। একটি উদ্দেশ্য নির্দিষ্ট করুন যা আপনি অর্জন করতে চান। কর্মকাণ্ডের পরিকল্পনা (শিখন অভিজ্ঞতা) এবং মূল্যায়ন পদ্ধতি ঠিক করুন।

6.5 মূল্যায়নের প্রকারভেদ :

আমরা যতদূর দেখেছি যে, শিক্ষার্থীর সঠিক মূল্যায়নের জন্য মূল্যনিরূপণ হল ধারাবাহিক প্রক্রিয়া। মূল্য নিরূপণ হল দুই ধরনের। এগুলো হল—

- গঠনমূলক মূল্যায়ন
- পর্যালোচনামূলক মূল্যায়ন।

6.5.1 গঠনমূলক মূল্যায়ন :

নিউকো (1983) সংজ্ঞা দিয়েছেন “গঠনমূলক মূল্যায়ন প্রক্রিয়ায় শিক্ষার্থী নির্দেশ সাপেক্ষে চিত্রন এবং কর্মের পরিকল্পনা উন্নয়ন এবং সম্পাদনের পূর্বে সংশোধন, কর্মসম্পাদনের উৎকর্ষের বিষয় লক্ষ্য করবে-এর উপর যে বিচার ধারা তাই হল গঠনমূলক মূল্যায়ন।

এর অর্থ হল যে, শিক্ষার্থীর অর্জিত বিষয়ের উপর প্রণালীবদ্ধ মূল্যায়নের ব্যবস্থা। এটা করা হয় শিক্ষামূলক স্তরে এবং শিক্ষক মহাশয়কে বুঝতে সাহায্য করে শিক্ষার্থীর প্রগতি এবং নিজের শিখন অভিজ্ঞতা কতটা প্রতিফলিত হয়েছে শিক্ষার্থীর প্রগতির ক্ষেত্রে এই ব্যবস্থা সত্ত্বর ফিডব্যাক দেয় এবং শিক্ষক এবং শিক্ষার্থী উভয়েরই উন্নয়নের ক্ষেত্রে সাহায্য করে।

উদাহরণ : চুম্বকের এককে পাঠদানের সময়, শিক্ষক মহাশয় চুম্বকের বিভিন্ন উপাদানের উপর ন্দ্রপ্রশ্ন করতে পারেন। যেমন—চুম্বকের প্রকার, চুম্বকের সূত্র প্রভৃতি শিক্ষণ ও শিখন প্রক্রিয়ায় দেখতে হবে যে শিক্ষার্থীরা কতটা বুঝেছে।

6.5.2 পর্যালোচনামূলক মূল্যায়ন :

নিকো (1983) সংজ্ঞা দিয়েছেন “পর্যালোচনামূলক মূল্যায়নে বিচারকার্য সম্পন্ন হয় সমস্ত



নোট

মূল্যায়ন এবং মূল্য নিরূপণ এবং সম্পর্কিত বিষয়

কাজ, পদ্ধতি শেষ হওয়ার পর।

উদাহরণ : পর্যালোচনামূলক মূল্যায়নে সেমিস্টার অথবা মূলপর্বের পরীক্ষা সাহায্য করে। শিক্ষক মহাশয় বেশীর ভাগ অংশ শেষ করতে পারেন এবং লক্ষ্যসূত্রে উচ্চ স্তরে পৌঁছতে পারেন। শিক্ষণ শিখন প্রক্রিয়ায় শিক্ষার্থীর জ্ঞানের স্তর শিক্ষক মহাশয় বিশেষভাবে পরীক্ষা করতে পারেন।

পর্যালোচনামূলক মূল্যায়নে শিক্ষকমহাশয় শিক্ষার্থীদের কঠিক স্তরের অর্থাৎ প্রয়োগমূলক স্তরের প্রশ্ন করতে পারেন। উদাহরণ—চুম্বকের উপর শিক্ষক মহাশয় প্রশ্ন করতে পারেন : যদি তোমাকে একটি লোহার রড দেওয়া হয়, তাহলে কিভাবে তুমি স্থির করবে যে এটি সাধারণ লোহার রড অথবা চুম্ব রড? এই প্রশ্নে শিক্ষার্থী চুম্বকের উপাদান এবং চুম্বকের সূত্র উপর নিজের জ্ঞানের ব্যবহার করতে পারে।

গঠনমূলক মূল্যায়ন প্রক্রিয়া হল তাৎক্ষণিক, সীমাবদ্ধ পাঠ্যসূচী এবং স্বল্পস্তরে লক্ষ্যের বিষয়ই বিবেচনার জন্য স্থান পায়। ইহা সরাসরি ফিডব্যাক দেয়। শিখন পদ্ধতির সংশোধনের সুযোগ দেয় এবং শিখন অভিজ্ঞতার বন্দোবস্থ করা যায়।

পর্যালোচনামূলক মূল্যায়ন দীর্ঘমেয়াদী এবং সর্বাত্মক। সমগ্র পাঠ্যসূচীকে বিবেচনার মধ্যে আনা হয় এবং উচ্চস্তরের উদ্দেশ্য মূল্যায়নে সাহায্য করে।

কর্মতৎপরতা-5

1. গঠনমূলক মূল্যায়ন এবং পর্যালোচনামূলক মূল্যায়নের মধ্যে পার্থক্য নিরূপণ করুন।

2. গঠনমূলক এবং পর্যালোচনামূলক মূল্যায়নের তিনটি সীমাবদ্ধতার তালিকা তৈরী করুন।

6.6 অভ্যন্তরীণ পরীক্ষা :

আপনি এ ব্যাপারে সচেতন যে, শিক্ষার অন্যতম লক্ষ্য হল ব্যক্তিত্বের পরিপূর্ণ বিকাশ। জ্ঞান আহরণই যথেষ্ট নয়, সামঞ্জস্যপূর্ণ ব্যক্তিত্বের পরিপূর্ণ বিকাশের জন্য। দৃষ্টিভঙ্গী, আগ্রহ, দক্ষতা, বিভিন্ন ধরনে ব্যক্তিগত ও সামাজিক গুণাবলীর উন্নয়নও সমানভাবে গুরুত্বপূর্ণ। এই ক্ষেত্রের মূল্যায়ন শুধুমাত্র বাহ্যিক পরীক্ষা যা পেপার-পেনসিলের উপর নির্ভরশীল এর দ্বারা সম্ভব নয়। বিভিন্ন ধরনের ব্যক্তিত্বের স্তর মূল্যায়িত হতে পারে যদি কেউ শিক্ষার্থীদের সাথে নিয়মিত সংযোগ রক্ষা করে চলে। তাই শিক্ষক মহাশয় কর্তৃক শিক্ষার্থীদের মূল্যায়ন করা প্রয়োজন তার



নোট

কারণ তাঁরা শিক্ষার্থীদের পড়ান এবং একমাত্র তাঁরাই তাদের অগ্রগতির বিষয়ে ভালো বিচার করতে পারবেন। মূল্যায়ন হবে ধারাবাহিক এবং সর্বাঙ্গিক এবং যাকে বলা হয় আভ্যন্তরীণ মূল্যায়ন।

আভ্যন্তরীণ মূল্যায়ন শিক্ষার্থীর শিখন প্রক্রিয়ার সম্পূর্ণ ছবি ফুটিয়ে তুলতে সাহায্য করে। সেইজন্য শিক্ষক মহাশয় সচেতনভাবে টুলস্ (উদাহরণ কাগজ পেনসিল পরীক্ষা মাপ নির্ণয়ক স্কেল এবং চেকলিস্ট) এবং কৌশল (উদাহরণ পর্যবেক্ষণ, সোসিও মেট্রি) মূল্যায়নের জন্য ব্যবহার করবেন। তিনটি ক্ষেত্রে শিক্ষার্থীদের অগ্রগতির বিষয়ে সাহায্য করবে। শিক্ষকের শিখন অভিজ্ঞতা এবং পদ্ধতি বিজ্ঞান কার্যকরীভাবে ব্যবহার করতে পারবে। সঠিক সময়ে ত্রুটি সংশোধনের পরীক্ষা এবং প্রতিকারে পরীক্ষা শিক্ষক মহাশয় নিতে পারেন।

আভ্যন্তরীণ পরীক্ষা সম্পূর্ণভাবে শিক্ষক নির্ভর এবং তা তিনি সম্পাদন করেন। শিক্ষার্থীরা বিভিন্ন অবস্থায় এবং কর্মকাণ্ডে অংশগ্রহণ করে থাকে সেখানে তাদের যে ব্যবহার প্রতিফলিত হয় তার মধ্য দিয়ে। এই প্রক্রিয়ায় শিক্ষক মহাশয় ধারাবাহিকভাবে জ্ঞান, অনুভূতি এবং মানসিক ক্রিয়া সজ্জাত গতি সংক্রান্তমূলক বিষয়ের উপর মূল্যায়ন করেন।

শিক্ষক হিসেবে সর্বদা শিক্ষার্থীদের সংযোগে থাকবেন। তিনি সর্বদা ব্যক্তিগতভাবে আভ্যন্তরীণ মূল্যায়নের মাধ্যমে তাদের অগ্রগতির দিকে লক্ষ্য রাখবেন। আভ্যন্তরীণ মূল্যায়ন শিক্ষার্থীদের সামঞ্জস্যপূর্ণ পড়াশুনার অভ্যাস গড়ে তুলতে সাহায্য করবে। ধারাবাহিক মূল্যায়নের ফলে শিক্ষার্থীরা কোনভাবেই শেষ মুহূর্তে পড়াশুনার উপর নির্ভর করবে না। এই ব্যবস্থা শিক্ষার্থীদের উৎকর্ষা কমাতে সাহায্য করবে এবং ব্যক্তিত্বের পরিপূর্ণ বিকাশে সাহায্য করবে।

কার্যকর আভ্যন্তরীণ মূল্যায়নে শিক্ষক মহাশয় বিভিন্ন ধরনের টুলস্ ও কৌশল ব্যবহার করবেন মূল্যায়নের আভ্যন্তরীণ মূল্যায়ন তখনই সফল হবে, যখন শিক্ষক মহাশয় হবেন ন্যায়নিষ্ঠ এবং সঠিকভাবে প্রশিক্ষিত।

কর্মতৎপরতা-6

1. জ্ঞানমূলক, অনুভূতিমূলক এবং মানসিক ক্রিয়া সজ্জাত গতি সংক্রান্তমূলক ক্ষেত্রের একটি তালিকা তৈরী করুন যার দ্বারা আপনি আপনার শ্রেণীক্ষের শিক্ষার্থীদের মূল্যায়ন করতে পারেন।

2. মূল্যায়ন পদ্ধতির পাশাপাশি বিভিন্ন কর্মকাণ্ডের একটি পরিকল্পনা তৈরী করুন যার মাধ্যমে আপনি ব্যক্তিত্বের বিভিন্ন ক্ষেত্রের মূল্যায়ন করতে পারেন।



নোট

মূল্যায়ন এবং মূল্য নিরূপণ এবং সম্পর্কিত বিষয়

এখনও পর্যন্ত যে সমস্ত আলোচনা হয়েছে তার মধ্য দিয়ে আপনি অনুধাবন করতে পেরেছেন যে, সঠিক মূল্যায়নের জন্য এই তিনটি ক্ষেত্রের সমান গুরুত্ব আছে এবং মূল্যায়ন হবে ধারাবাহিক এক শিক্ষণ শিখন প্রক্রিয়ার অন্তর্নিহিত অংশ।

কিন্তু বাস্তবে, বিদ্যালয়ে যে মূল্যায়ন ব্যবস্থা লক্ষ্য করা যায় তা বাস্তবে যা চাওয়া হয় তার থেকে অনেকে দূরে। লক্ষ্য করা গেছে যে, বেশীর ভাগ ক্ষেত্রে জোর দেওয়া হয় পাঠ্যসূচী এবং একমাত্র জ্ঞানমূলক ক্ষেত্রের উপর। বর্তমান মূল্যায়ন ব্যবস্থার উন্নয়নের জন্য সর্বাঙ্গিক এবং ধারাবাহিক মূল্যায়ন ব্যবস্থা চালু করা হয়েছে।

6.7 সর্বাঙ্গিক এবং ধারাবাহিক মূল্যায়ন

আমরা বোঝার চেষ্টা করব CCE চালু করার ক্ষেত্রে যুক্তিগুলো কী কী?

কোঠারি কমিশন রিপোর্ট (1966) উল্লেখ করেছে যে “বিদ্যালয়ে যে আভ্যন্তরীণ মূল্যায়ন অথবা মূল্যায়ন-এর বিশেষ গুরুত্ব আছে। এটা সর্বাঙ্গিক, শিক্ষার্থীর উন্নয়নের সকল ক্ষেত্র পরিমাপ করা হয় বাহ্যিক পরীক্ষার দ্বারা কিন্তু শিক্ষার্থীর ব্যক্তিত্ব বিকাশের সকল দিক যেমন চারিত্রিক বৈশিষ্ট্য, আগ্রহ, দৃষ্টিভঙ্গী এর দ্বারা মূল্যায়িত হয় না (1984)।

ন্যাশনাল পলিসি অল এডুকেশন (1986) উল্লেখ করেছে যে, ধারাবাহিক এবং সর্বাঙ্গিক মূল্যায়ন হবে পাঠক্রমিক এবং সহ পাঠক্রমিক বিষয়ের উপর এবং তা হবে সমগ্র শিক্ষামূলক সময়ের উপর” (8.24) (iii)

ন্যাশনাল ক্যারিকুলাম ফ্রেমওয়ার্ক (2005) পরীক্ষা সংস্কারের সুপারিশ করে এর পেপার এর নাম ছিল এইমস্ অফ এডুকেশন-এন.সি.এফ 2005, NCERT মত ব্যক্ত করেছে।

বিদ্যালয় নির্ভর CCE ব্যবস্থা প্রতিষ্ঠিত করেছে—

- মূল্যায়ন হবে সর্বাঙ্গিক এবং নিয়মিত
- সৃষ্টিশীল কাজের জন্য শিক্ষকদের সময় দিতে হবে।
- অসুবিধার লক্ষণ ও প্রতিকারের উপাদানের ব্যবস্থা করতে হবে।
- সুদক্ষ শিক্ষার্থী যোগান দিতে হবে।

শিশুর বাধ্যতামূলক ও অবৈতনিক শিক্ষার আধিকার আইন (2019)।

ভারত সরকার একটি নতুন আইন গ্রহণ করেছে 6-14 বছর শিশুদের বাধ্যতামূলক অবৈতনিক শিক্ষার অধিকার জন্ম ও কাশ্মীর বাদ দিয়ে সারা ভারতে 1লা এপ্রিল 2010 এ লাগু হয়।

বলা হয়েছে যে, অষ্টম শ্রেণী পর্যন্ত কোন শিক্ষার্থী বোর্ডে এর পরীক্ষায় বসতে হবে না এবং 2010-2011 থেকে ধারাবাহিক সর্বাঙ্গিক মূল্যায়ন ব্যবস্থা প্রথম-অষ্টম শ্রেণী পর্যন্ত লাগু করা হবে।

আপনি ইতিমধ্যেই কোর্স-1 ‘ভারতের প্রাথমিক শিক্ষা একটি সামাজিক সাংস্কৃতিক প্রেক্ষিত’-এ বিষয়ে জেনেছেন।

এখন CCEর বিষয়ে পাঠ করা যাক।



নোট

ধারাবাহিক সর্বাঙ্গিক মূল্যায়ন (CCE) বলতে কি বোঝ?

CCE হল এমন একটি পদ্ধতি যা শিক্ষার্থীর মূল্যায়ন নির্ভর এবং শিক্ষার্থীর পরিপূর্ণ ব্যক্তিত্বকে কভার করে। এটি পাঠক্রম নির্ভর উদ্যোগ জোর দেওয়া হয় কেবলমাত্র পরীক্ষা নয় সামগ্রিক শিখন ব্যবস্থার উপর।

ধারাবাহিক বলতে বোঝায় মূল্যায়ন হবে শিক্ষার্থীর নির্দিষ্ট ক্ষেত্রের বিকাশ ও উন্নয়নের ধারাবাহিক মূল্যায়ন এবং যা কোনভাবেই বিবেচনাপূর্ণ মন্তব্যের উপর নির্ভর করবে না। ইহা শিক্ষণ ও শিখন প্রক্রিয়ায় অন্তর্গত হবে এবং সারা শিক্ষাবর্ষ ধরে চালু থাকবে। সর্বাঙ্গিক বলতে বোঝায় এই রূপরেখা অবশ্যই বিদ্যালয় পাঠক্রম (যেমন জ্ঞানমূলক ক্ষেত্রের উদ্দেশ্য) এবং সহপাঠক্রমিক (যেমন অনুভূতিমূলক এবং মানসিক ক্রিয়া সঙ্ঘাত গতি সংক্রান্ত) যা শিক্ষার্থীর বিকাশ ও উন্নয়নকে কভার করবে।

CCE-র দ্বারা কী অর্জিত হতে পারে?

CCE-র মূল উদ্দেশ্য হল বোর্ড নির্ভর শিখন ও ব্যবহারগত ফলাফলের উপর ভিত্তি করে ধারাবাহিক মূল্য নিরূপণ ও মূল্যায়ন করা।

ইহা নিম্নলিখিত ফলাফল অর্জন করতে সাহায্য করে—

- উন্নয়ন দক্ষতা বৃদ্ধিতে সাহায্য করে (জ্ঞানমূলক এবং মানসিক সঙ্ঘাত গতিসংক্রান্ত)
- চিন্তাভাবনার উপর গুরুত্ব দেয়, মুখস্থ করার উপর গুরুত্ব দেওয়া হয় না।
- শিক্ষণ শিখন প্রক্রিয়ায় মূল্যায়ন একটি সম্পূরক অংশ।
- শিক্ষার্থীর উন্নয়নের জন্য মূল্যায়ন ব্যবহৃত হয়।
- প্রতিকার ও অসুবিধা নির্ণয়ের উপর ভিত্তি করে শিক্ষণ ও শিখন কৌশলকে গাইড করে।
- শিক্ষণ ও শিখন প্রক্রিয়াকে শিখনকেন্দ্রিক কর্মতৎপরতায় পরিণত করে।

CCE কেন শিক্ষার্থী এবং শিক্ষকদের কাছে সুবিধাজনক?

- ভাগ্য এবং আত্মগত মানসিকতা দূর করে।
- মুখস্থ করার উপর জোর দেওয়া হয় না।
- পাঠক্রমিক এবং সহপাঠক্রমিক বিষয়সহ সর্বাঙ্গিক মূল্যায়নে উৎসাহ দেয়।
- সমগ্র শিক্ষামূলক কর্মে সর্বাঙ্গিক মূল্যায়ন।
- কার্যকরী ও অর্থপূর্ণ ফলপ্রকাশ।
- অসুবিধা নির্ণয় ও প্রতিকারের দিকে লক্ষ্য রেখে বৃহত্তর আঙ্গিকে পরীক্ষার ফল ঘোষণা।
- পরীক্ষা পরিচালনায় উন্নয়ন।
- শিক্ষামূলক উপাদান এবং পদ্ধতি বিজ্ঞান বাঞ্ছনীয় পরিবর্তন।
- শিক্ষার্থীদের কর্মকাণ্ডের স্তর জানার জন্য নম্বর এর পরিবর্তে গ্রেড এর প্রবর্তন।

6.7.1 সি.সি.ই'র টুলস্

সি.সি.ই হল ধারাবাহিক এবং সর্বাঙ্গিক। আপনি স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী উদ্দেশ্যে আপনি আপনার শিক্ষার্থীর মূল্যায়ন করবেন। আপনি CCE-র নিয়ম মেনে গঠনমূলক এবং পর্যালোচনামূলক স্তরে মূল্যায়ন করবেন।



নোট

মূল্যায়ন এবং মূল্য নিরূপণ এবং সম্পর্কিত বিষয়

6.7.1.1. গঠনমূলক মূল্যায়নের জন্য CCE

- দৈনন্দিন পর্যবেক্ষণ
- মৌখিক কাজ (প্রশ্নোত্তর, জোরে পড়া, কথোপকথন, অভিনয়, সাক্ষাৎকার, দলগত আলোচনা প্রভৃতি)।
- ব্যবহারিক কাজ/পরীক্ষা
- কর্মতৎপরতা (ব্যক্তিগত, দলগত, স্ব-অধ্যয়ন)
- প্রকল্প
- পরীক্ষা (ঘরোয়াভাবে স্বল্প সময়ের পরীক্ষা, বই খুলে পরীক্ষা ইত্যাদি)
- বাড়ীর কাজ/শ্রেণীর কাজ (তথ্য বহুল/বর্ণনামূলক/রচনা/রিপোর্ট/গল্প এবং চিঠি/সংলাপ/কাল্পনিক বিষয় প্রভৃতি)।
- অন্যান্য (প্রশ্নমালা, স্বমূল্যায়ন, সম বয়স্কদের মূল্যায়ন দলগত কাজ এবং অন্যান্য সমজাতীয় উপাদান)

6.7.1.2 পর্যালোচনামূলক মূল্যায়ন

- লিখিত, মৌখিক এবং ব্যবহারিক
- প্রথম ও দ্বিতীয় সেমিস্টারের শেষে

আপনি অবশ্যই বুঝতে পেরেছেন যে, শিক্ষার্থীর পরিপূর্ণ বিকাশের জন্য CCE হল একটি ইতিবাচক পদক্ষেপ। কিন্তু বর্তমান পরিস্থিতিতে, এই ব্যবস্থা অনেক চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছে। সেগুলো হল—

- শ্রেণীকক্ষে ছাত্রসংখ্যা বৃদ্ধি
- ছাত্র শিক্ষকের উচ্চ অনুপাত হার
- শিক্ষকের উপলব্ধি ও কর্মক্ষমতা
- শিক্ষার্থীর বৈচিত্র্য।
- সময়ের বাঁধা।
- পর্যবেক্ষণ এবং ফেডব্যাক।
- প্রতিকার এবং সমৃদ্ধি।
- শিক্ষণ ও শিখন সম্পদ।
- একইভাবে প্রয়োগ।
- পক্ষপাতিত্ব ও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ দূর করা।
- CCE'র থেকে উচ্চশ্রেণীতে প্রচলিত মূল্যায়ন পদ্ধতি।

এই ধরনের চ্যালেঞ্জ নেওয়ার জন্য শিক্ষক মহাশয়কে ইতিবাচক দৃষ্টিভঙ্গী, খোলামন, দায়িত্বশীল ব্যবহার এবং নতুন পরিবর্তন নেওয়ার মত ইচ্ছা থাকতে হবে।

6.8 অসুবিধা নির্ণয় পরীক্ষা এবং প্রতিকারের জন্য শিখন :

এই দুটো শব্দ প্রতিকার (remedial) এবং অসুবিধা নির্ণয় (diagnostic) চিকিৎসা শাস্ত্র থেকে নেওয়া



নোট

হয়েছে। যখন কোন রোগী ডাক্তারে কাছে যায় চিকিৎসার জন্য তখন ডাক্তারবাবু কিছু প্রশ্ন করে রোগ নির্ণয়ের চেষ্টা করেন এবং চিকিৎসার সুপারিশ করেন। তিনি রোগীকে 2/3 দিনের জন্য ওযুধ নে এবং রিপোর্ট করতে বলেন। রোগী যদি ডাক্তারবাবুকে ভালো লাগার কথা বলেন তখন ডাক্তারবাবু রোগীর শারীরিক অবস্থার উপর নির্ভর করে ওযুধ চালিয়ে যেতে বলেন অথবা বন্ধ করতে বলেন। রোগীর যদি কোন উন্নতি না হয় তখন তিনি চিকিৎসার পরিবর্তন ঘটান এবং কিছু পরীক্ষা করতে বলেন। ডাক্তার জানেন যে যদিও দুজন রোগীর একই ধরনের উপসর্গ থাকা সত্ত্বেও সমস্যার শিকড়ের জন্য ব্যক্তি থেকে ব্যক্তি ভিন্ন হতে পারে। এইভাবে ডাক্তারবাবু নিখুঁতভাবে অসুবিধাগুলো নির্ণয় করে সঠিক চিকিৎসার পরামর্শ করতে পারে।

একইভাবে শিক্ষণ শিখন প্রক্রিয়ার ক্ষেত্রে প্রয়োগ করা যায়। একটি শ্রেণীকক্ষে অনেক শিক্ষার্থী থাকে এবং এক এক জনের প্রেক্ষিত বৈশিষ্ট্য, দৃষ্টিভঙ্গী, পছন্দ, অপছন্দ ভিন্ন প্রকৃতির। শিক্ষক মহাশয়কে এই ধরনের বিষয়গুলো কাটিয়ে উঠতে হবে। এই প্রক্রিয়ায় কিছু শিক্ষার্থী এই বিষয়গুলো কাটিয়ে উঠতে পারবে না। মাঝেমাঝে কিছু শিক্ষার্থী শারীরিক অসুস্থতা বা অন্য কোনো কারণে ক্লাসে অনুপস্থিত থাকায় পড়াশুনার ক্ষেত্রে পিছিয়ে পড়ে। সেই কারণে শিক্ষার্থীর ওই জায়গায় আসার সক্ষমতা থাকে না। এই ব্যাপারে শিক্ষক মহাশয় সঠিকভাবে জানেন সেই ছাত্রটির সমস্যা। তাই শিক্ষক মহাশয় ছাত্রটির মূল্যায়ন শুরু করবেন নির্দিষ্ট পাঠ্যসূচী উপর নমনীয় ধারণার উপর ভিত্তি করে এবং ধীরে ধীরে কঠিন স্তরের দিকে অগ্রসর হবেন। একবার শিখনে অসুবিধাগুলো নির্ণয় করা গেলে, শিক্ষক মহাশয় প্রতিকারের ব্যবস্থা করবেন।

উদাহরণ : শিক্ষক মহাশয় বুঝতে পারলেন যে “রাসায়নিক সমীকরণ” পড়ানোর পর কিছু শিক্ষার্থী সঠিকভাবে লিখতে পারছে না।

এখন শিক্ষক মহাশয় বুঝতে পারলেন, কেন কিছু শিক্ষার্থী করতে পারছে না।

প্রথম পদক্ষেপ হবে সমীকরণ দেওয়া যেখানে সকল র্যাডিক্যালস্ এর একই ভ্যালেন্সি।

1. উদাহরণ— $\text{Na} + \text{Cl} \rightarrow \text{NaCl}$
2. পরে তিনি সমীকরণ দিতে পারেন যেখানে র্যাডিক্যালস্-এর ভিন্ন ভ্যালেন্সি আছে। যেমন Mg^{++} এবং Cl^- এবং শিক্ষার্থীদের সামঞ্জস্যপূর্ণ সমীকরণ লিখতে বলা হল।
3. ধীরে ধীরে তিনি সমীকরণের অসুবিধার স্তর বৃদ্ধি করতে শুরু করলেন, সেখানে তিনি সমস্যার প্রতি জানতে পারলেন। তিনি বুঝতে পারলেন শিক্ষার্থীরা বিভিন্ন ধরনের সমস্যার মুখোমুখি হচ্ছে। এক ক্ষেত্রে শিক্ষার্থীরা ভ্যালেন্সি এর ধারণা বুঝতে পারে নি, অপর ক্ষেত্রে শিক্ষার্থীরা বিভিন্ন র্যাডিক্যালের ভ্যালেন্সি সম্পর্কে জানে না। এই ব্যবস্থা তাকে সাহায্য করেছে শিক্ষার্থীদের শিখন প্রক্রিয়ায় অসুবিধাগুলো খুঁজে বার করতে। সেই কারণে তিনি কার্যকরীভাবে প্রতিকারের ব্যবস্থা করতে পারলেন। তিনি তাঁর শিখন অভিজ্ঞতা ব্যবহার করে ব্যক্তিগত বা দলগত ভাবে প্রতিকার সংক্রান্ত পদক্ষেপ গ্রহণ করতে পারেন।



নোট

মূল্যায়ন এবং মূল্য নিরূপণ এবং সম্পর্কিত বিষয়

কর্মতৎপরতা—7

1. বিজ্ঞান শিকন প্রক্রিয়ায় অসুবিধা নির্ণয় পরীক্ষা এবং প্রতিকার সংক্রান্ত শিখনের গুরুত্ব ব্যাখ্যা করুন।

2. অসুবিধা নির্ণায়ক পরীক্ষা কীভাবে প্রতিকার সংক্রান্ত শিখনের চিত্র অংকনের প্রক্রিয়া ব্যাখ্যা করুন।

3. আপনার শ্রেণীকক্ষে কোন একজন শিক্ষার্থীর জন্য অসুবিধা নির্ণায়ক পরীক্ষার ব্যবস্থা করুন যে শিখন প্রক্রিয়ায় নির্দিষ্ট পাঠ্যসূচীর কোন একটি বিষয়ের উপর অসুবিধার সম্মুখীন হয়েছে। পরীক্ষার ফলাফল বিশ্লেষণ করুন এবং তার জন্য প্রতিকার সংক্রান্ত শিখন কর্মসূচী প্রস্তুত করুন।

6.9 মূল্যায়ন : জ্ঞানমূলক, অনুভূতিমূলক এবং মানসিক সঞ্চারিত গতি সংক্রান্ত বিষয় :

যতদূর আপনি দেখেছেন যে তিনটি ক্ষেত্র ব্যক্তিত্বের তিনটি দিকের প্রতিফলন ঘটায়, যদিও তারা পারস্পরিকভাবে অদ্বিতীয় নয়, তারা স্পষ্ট। জ্ঞানমূলক ক্ষেত্র মাথার উন্নয়নের সঙ্গে যুক্ত। অনুভূতিমূলক ক্ষেত্র হৃদয়ের উন্নয়নের সঙ্গে যুক্ত। মানসিক সঞ্চারিত গতি সংক্রান্ত ক্ষেত্র হাত এবং শরীরের অন্যান্য অংশের সঙ্গে যুক্ত। স্বভাবতই মূল্যায়ন কৌশল প্রতিটি ক্ষেত্রের জন্য ভিন্ন।



নোট

জ্ঞানমূলক ক্ষেত্র : এই ক্ষেত্রে মূলত পাঠক্রমিক কর্মকাণ্ডের মধ্যেই কেন্দ্রীভূত থাকে এবং মূল্যায়ন করা হয় কাগজ-পেনসিল পরীক্ষা, মৌখিক পরীক্ষা ইত্যাদির মধ্য দিয়ে।

অনুভূতিমূলক ক্ষেত্র : এই ক্ষেত্র আবেগ, দৃষ্টিভঙ্গী, আগ্রহ নিয়ে আলোচনা করে। এই ক্ষেত্রের উদ্দেশ্যের উন্নয়ন সময়সাপেক্ষ ব্যাপার। এই ক্ষেত্রে শিক্ষার্থীর উন্নয়নের মূল্যায়ন শিক্ষকের কাছে চ্যালেঞ্জিং ব্যাপার। এই উদ্দেশ্যের জন্য শিক্ষক মহাশয় প্রকল্প, দলগত আলোচনা, বিতর্ক ব্যবস্থা করবেন। শিক্ষক মহাশয় শিক্ষামূলক ভ্রমণের ব্যবস্থা করবেন এবং শিক্ষার্থীদের পর্যবেক্ষণ করবেন যা মূল্যায়নে সাহায্য করবে। অনুভূতিমূলক ক্ষেত্রে শিক্ষক মহাশয় তাঁর পর্যবেক্ষণের কৌশল প্রয়োগ করবেন।

মানসিক সজ্জাত গতি সংক্রান্ত ক্ষেত্র এই ক্ষেত্র গতির উন্নয়নের সঙ্গে যুক্ত। এই ক্ষেত্রে বিজ্ঞানের শিক্ষকের কাছে শিক্ষার্থীর মূল্যায়ন একটি গুরুত্বপূর্ণ বিষয়। মানসিক সজ্জাত গতি সংক্রান্ত ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা। মূল্যায়নের জন্য একটি গুরুত্বপূর্ণ টুল (tool)।

কর্মতৎপরতা—৪

1. আপনার পছন্দ মত যেকোন একক বিবেচনা করুন। একটি সর্বাঙ্গিক পরিকল্পনা প্রস্তুত করুন এবং ঐ এককের মাধ্যমে তিনটি ক্ষেত্রের মূল্যায়ন করুন।

6.10 শিশুর ধারণা, দক্ষতা এবং দৃষ্টিভঙ্গী সংক্রান্ত মূল্যায়নের কাঠামো

একবিংশ শতকের শিক্ষক জ্ঞানের পরিধি বিশাল এবং এটাই বাস্তব। প্রযুক্তির উন্নয়নে মাউস ক্লিক করার মধ্য দিয়ে জ্ঞানের যেকোন বিষয় নাগালের মধ্যে। সেই কারণে শিক্ষার্থীরা সাম্প্রতিকতম বিষয় সম্পর্কে ওয়াকিবহাল। সেই কারণে শিক্ষক মহাশয়কে সাম্প্রতিকতম বিষয় সম্পর্কে ওয়াকিবহাল এবং গতিশীল হতে হবে। শিক্ষক মহাশয়কে শুধুমাত্র সাম্প্রতিকতম বিষয় সম্পর্কে জানলে হবে না তাকে বিভিন্ন পদ্ধতি বিজ্ঞান সম্পর্কেও জানতে হবে। শিক্ষক তাঁর দৃষ্টিভঙ্গীতে সৃষ্টিশীল হতে হবে। তিনি বিজ্ঞানসম্মত চিন্তাভাবনা থেকে শিক্ষার্থীদের মধ্যে সৃষ্টিশীল কাজের মানসিকতা গড়ে তুলবেন। বিজ্ঞান শিক্ষকের বাহ্যিক প্রকাশের দক্ষতা থাকবে। তাঁরা সৃষ্টিশীল হবেন এবং শিক্ষার্থীদের বাস্তব জীবনের সঙ্গে সম্পর্কিত করে বিজ্ঞান শিক্ষা ফলপ্রসূ করতে হবে।

বিজ্ঞান হল একটি ব্যবহারিক বিষয় এবং দৈনন্দিন জীবনের সাথে ওতপ্রোতভাবে যুক্ত। স্বভাবতই শিক্ষক মহাশয় তাঁর শিক্ষার্থীদের কাছে ব্যবহারিক ও বাস্তব অভিজ্ঞতার বিষয় তুলে ধরবেন।



নোট

মূল্যায়ন এবং মূল্য নিরূপণ এবং সম্পর্কিত বিষয়

